ছবি-৩৬: নবনিয়োগপ্রাপ্ত প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণকে দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ প্রশিক্ষণের ক্লাস পরিচালনা করছেন জনাব মো: ফিরোজ উদ্দিন, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), ডিডিএম।

৪.১.২২ প্রশিক্ষণের নাম : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ডি-নথি বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ।

স্থান : জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট।

অংশগ্রহণকারী : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ।

ক্রমিক নং	ব্যাচ নং	প্রশিক্ষণের সময়	মোট প্রশিক্ষণার্থী
০১	১ম ব্যাচ	১৯-০৬-২০২৩	২৫ জন
০২	২য় ব্যাচ	১৯-০৬-২০২৩	২৫ জন
০৩	৩য় ব্যাচ	২১-০৬-২০২৩	২৫ জন
০৪	৪র্থ ব্যাচ	২১-০৬-২০২৩	২৫ জন
		মোট=	১০০ জন



চিত্র--৩৭: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ডি-নথি বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণের ক্লাস পরিচালনা করছেন জনাব প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, ডিডিএম।

৪.১.২৩ প্রশিক্ষণের নাম: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মচারীবৃন্দের ০৫ দিন ব্যাপী সঞ্জিবনী প্রশিক্ষণ।

স্থান : কক্সবাজার

অংশগ্রহণকারী : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মচারীবৃন্দ।

ক্রমিক নং	ব্যাচ নং	প্রশিক্ষণের সময়	মোট প্রশিক্ষণার্থী
০১	১টি	০৫/০২/২০২৩ হতে ০৯/০২/২০২৩	২৫ জন
		মোট=	২৫ জন



চিত্র-৩৮: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মচারীবৃন্দের ০৫ দিন ব্যাপী সঞ্জিবনী প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীবৃন্দ।



চিত্র-৪৯: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মচারীবৃন্দের ০৫ দিন ব্যাপী সঞ্জিবনী প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীবৃন্দ।

৪.১.২৪ প্রশিক্ষণের নাম : উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের 'জরুরি সাড়াদান পদ্ধতি শক্তিশালীকরণ' বিষয়ক প্রশিক্ষণ।

স্থান : সম্মেলন কক্ষ, সংশ্লিষ্ট উপজেলা পরিষদ।

অংশগ্রহণকারী : উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ।

জেলার নাম	ক্র.নং	উপজেলার নাম	তারিখ	সংখ্যা
সাতক্ষীরা	১.	সাতক্ষীরা সদর	২৪/০৫/২০২৩	৫০ জন
	২.	আশাশুনি	১৪/০৬/২০২৩	৫০ জন
	৩.	দেবহাটা	২৪/০৫/২০২৩	৫০ জন
	৪.	কলারোয়া	১৫/০৬/২০২৩	৫০ জন
	৫.	শ্যামনগর	২৫/০৫/২০২৩	৫০ জন
	৬.	তালা	১৫/০৬/২০২৩	৫০ জন
	৭.	কালীগঞ্জ	২৫/০৫/২০২৩	৫০ জন
বাগেরহাট	৮.	বাগেরহাট সদর	২১/০৫/২০২৩	৫০ জন
	৯.	ফকিরহাট	২১/০৫/২০২৩	৫০ জন
	১০.	মোল্লাহাট	০৮/০৬/২০২৩	৫০ জন
	১১.	কচুয়া	০৭/০৬/২০২৩	৫০ জন
	১২.	চিতলমারী	০৭/০৬/২০২৩	৫০ জন
	১৩.	রামপাল	২০/০৫/২০২৩	৫০ জন
	১৪.	মোংলা	২০/০৫/২০২৩	৫০ জন
	১৫.	মোড়েলগঞ্জ	০৬/০৬/২০২৩	৫০ জন
	১৬.	শরণখোলা	০৬/০৬/২০২৩	৫০ জন
কক্সবাজার	১৭.	কুতুবদিয়া	১৩/০৬/২০২৩	৫০ জন
	১৮.	রামু	১১/০৬/২০২৩	৫০ জন
	১৯.	টেকনাফ	১২/০৬/২০২৩	৫০ জন
বগুড়া	২০.	সারিয়াকান্দি	২৭/০৫/২০২৩	৫০ জন
জামালপুর	২১.	ইসলামপুর	২৪/০৫/২০২৩	৫০ জন
	২২.	বকশীগঞ্জ	০৬/০৬/২০২৩	৫০ জন
	২৩.	দেওয়ানগঞ্জ	০৫/০৬/২০২৩	৫০ জন
	২৪.	মেলান্দহ	২৪/০৫/২০২৩	৫০ জন
	২৫.	সরিষাবাড়ি	০৪/০৬/২০২৩	৫০ জন
	২৬.	জামালপুর সদর	০৫/০৬/২০২৩	৫০ জন
	২৭.	মাদারগঞ্জ	২৫/০৬/২০২৩	৫০ জন
সিরাজগঞ্জ	২৮.	চৌহালী	১৩/০৬/২০২৩	৫০ জন
	২৯.	কাজীপুর	২৮/০৫/২০২৩	৫০ জন
	৩০.	উল্লাপাড়া	২৮/০৫/২০২৩	৫০ জন
			মোট=	১৫০০ জন



চিত্র-৪০: সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলায় 'দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক' দিনব্যাপী প্রশিক্ষণ।



চিত্র-৪১: বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলায় 'দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক' দিনব্যাপী প্রশিক্ষণ।



চিত্র-৪২: সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলায় 'দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক' দিনব্যাপী প্রশিক্ষণ।

পঞ্চম পরিচ্ছেদ

পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ

- ৫.১.১ পরিকল্পনা শাখার কার্যাবলীঃ
০১. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের উন্নয়ন প্রকল্প সংক্রান্ত যাবতীয় দায়িত্বপালন করা এবং এ লক্ষ্যে বিভিন্ন সংস্থার (জাতীয়, আন্তর্জাতিক, সরকারি/আধাসরকারি) সাথে যোগাযোগক্রমে সমন্বয়সাধন;
 ০২. নতুন প্রকল্প প্রস্তাব/ডিপিপি প্রস্তুতপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ;
 ০৩. চলমান প্রকল্পসমূহ হতে তথ্য সংগ্রহপূর্বক সমন্বিত প্রতিবেদন প্রস্তুত ও প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ;
 ০৪. উন্নয়ন পরিকল্পনায় দুর্যোগ মোকাবেলা ও দুর্দশা লাঘবের কর্মসূচী অন্তর্ভুক্তির জন্য অগ্রাধিকার নির্ণয়;
 ০৫. দুর্যোগ মোকাবেলার কাজে নিয়োজিত সংস্থা ও প্রকল্পসমূহের সঙ্গে দুর্যোগের আশঙ্কা মূল্যায়ন, দুর্দশালাঘব ও অন্যান্য ব্যবস্থা সম্পর্কে পদক্ষেপ গ্রহণের জন্য যোগাযোগকরণ;
 ০৬. দুর্যোগ ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট সংস্থার সঙ্গে যোগাযোগ করা এবং তাদের দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, কন্টিনজেন্সী পরিকল্পনা প্রণয়নে সাহায্য করা এবং বিভিন্ন সংস্থার মধ্যে সকল পর্যায়ে যোগাযোগের পথ সুচিহ্নিতকরণ;
 ০৭. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের এডিপিভুক্ত/এডিপি বহির্ভূত উন্নয়নপ্রকল্প/কর্মসূচিসমূহের মাসিক অগ্রগতি পর্যালোচনার জন্য প্রতি মাসে সভা আয়োজনকরণ;
 ০৮. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবাপ্রদান প্রক্রিয়া সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চা সংক্রান্ত ইনোভেশন সভা আয়োজন ও সিদ্ধান্ত বাস্তবায়ন;
 ০৯. দুর্যোগ মোকাবিলায় বিভিন্ন সংস্থার সমন্বয়ে সভা, নীতি নির্ধারণ সংক্রান্ত সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদি আয়োজনকরণ;
 ১০. মহাপরিচালক/পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্বপালন;
 ১১. শাখার অন্যান্য প্রশাসনিক ও দাপ্তরিক যাবতীয় কার্যক্রম সম্পাদন;
 ১২. **SDG** সংক্রান্ত কার্যাবলী;
 ১৩. **Disaster Impact Assessment (DIA)** চেকলিস্ট এবং গাইডলাইন চূড়ান্তকরণ কার্যক্রম বাস্তবায়ন
 ১৪. ৬০টি **Multipurpose Rescue Boat** ২৪টি জেলায় সরবরাহ করা হয়েছে।



চিত্রঃ ০১ Development of Contingency Plan of DDM to contest any Emergency Situation সংক্রান্ত কর্মশালায় উপস্থিত আছেন জনাব মোঃ আতিকুল হক মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং অন্যান্য অফিসারগণ।

৫.১.২ পরিকল্পনা ও উন্নয়ন শাখার সার্বিক তত্ত্বাবধানে ২০২২-২৩ অর্থবছরে নিম্নোক্ত প্রকল্পগুলি বাস্তবায়নাধীন ছিলঃ

ক্র:নং	প্রকল্পের নাম
০১	গ্রামীণ রাস্তায় ১৫ মিঃ দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ
০২	গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)
০৩	বন্যপ্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়)
০৪	জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র নির্মাণ
০৫	মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন
০৬	Disaster Risk Management Enhancement Project(Component 2 &3) (Funded by JICA)
০৭	Strengthening of the Ministry of Disaster Management & Relief (SoMDMRPA) Program Administration
০৮	আরবান রেজিলিয়েন্স প্রকল্পঃ ডিডিএম পার্ট
০৯	ভূমিকম্প ও অন্যান্য দুর্যোগকালে অনুসন্ধান, উদ্ধার অভিযান পরিচালনা এবং জরুরি যোগাযোগের জন্য যন্ত্রপাতি সংগ্রহ প্রকল্প (৩য় পর্যায়)
১০	The Project for Capacity Enhancement on Formulation & Implementation of Local Disaster Risk Reduction Plan (LDRRP)
১১	বহুমুখী উদ্ধার ও অনুসন্ধান কাজের লক্ষ্যে নৌযান সংগ্রহ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ শীর্ষক প্রকল্প।
১২	National Resilience Programme (DDM Part)

প্রশমন শাখা

০১. দুর্যোগের বুর্কিহ্রাস ও দুর্যোগ মোকাবিলায় সচেতনতা, সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বছরে বিভিন্ন সময়ে বিভিন্ন সংস্থার সমন্বয় সভা, সেমিনার, ওয়ার্কশপের আয়োজন এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান।

০২. মন্ত্রিপরিষদ বিভাগকর্তৃক গৃহীত সিদ্ধান্তের আলোকে সাড়াদেশে প্রতিবছর ১০ মার্চ জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস (National Disaster Preparedness day) পালন উপলক্ষ্যে মন্ত্রণালয় এবং অধিদপ্তর কর্তৃক নির্দেশিত সকল কার্যক্রম বাস্তবায়ন।

০৩. জাতিসংঘ সাধারণ পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী প্রতিবৎসর ১৩ অক্টোবর দেশব্যাপী আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস (International day for disaster reduction) যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে মন্ত্রণালয় এবং অধিদপ্তর কর্তৃক নির্দেশিত সকল কার্যক্রম বাস্তবায়ন।

০৪. পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ হতে SOD-তে বর্ণিত বিভিন্ন কমিটির সভা এবং সকল সভায় দুর্যোগ মোকাবিলায় ও প্রস্তুতি গ্রহণকল্পে দায়-দায়িত্ব নির্ধারণসহ বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করা হয়।

০৫. “দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি ২০১৯” (SOD) অবহিতকরণ প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়।

০৬. ভূমিকম্পসহ অন্যান্য দুর্যোগ সম্পর্কে জনগোষ্ঠীর মধ্যে জনসচেতনতা বৃদ্ধির জন্য হাসপাতাল, মার্কেট ও বিদ্যালয়ে দুর্যোগ মহড়া আয়োজন করা হয়।

০৭. দুর্যোগ পূর্ব, দুর্যোগকালীন এবং দুর্যোগ পরবর্তী পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে “জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল” পরিচালনা কমিটি গঠন, পরিচালনা ও নিয়ন্ত্রণের জন্য জেলা প্রশাসনের নিয়ন্ত্রনে একটি চলতি হিসাব খোলার উদ্যোগ গ্রহণ।

০৮. অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন।

❖ অগ্নিকান্ড ও ভূমিকম্প বিষয়ক সচেতনতা বৃদ্ধি করণের মহড়ায় অংশগ্রহনকারী

ছবি	অংশগ্রহনকারী
	<ul style="list-style-type: none"> ➤ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স। ➤ রেড ক্রিসেন্ট সদস্য ➤ জেলা প্রশাসক মহোদয় ➤ সরকারী বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

চিত্রঃ ০১ অগ্নি-নির্বাণন

ছবি	ছবি	প্রশিক্ষণ
		<ul style="list-style-type: none"> ➤ বসত বাড়িতে আগুন লাগার পর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সহযোগীতায় পানির পাম্প ব্যবহার করে আগুন নিভানো হচ্ছে।

চিত্রঃ ০২ বসত বাড়ির অগ্নি-নির্বাণ

ছবি	ছবি	প্রশিক্ষণ
		<ul style="list-style-type: none"> ➤ হাতের আঙ্গুল দিয়ে সিলিন্ডার এর মাথা চেপে ধরে গ্যাস নির্গত হওয়া বন্ধ করে আগুন নিভানো হচ্ছে। ➤ বালতি দিয়ে ঢেকে অক্সিজেন সরবরাহ বন্ধ করে সিলিন্ডারের আগুন নিভানো হচ্ছে। ➤ চটের বস্তা ভিজিয়ে সিলিন্ডারের অগ্নি-নির্বাণ করা হচ্ছে।

চিত্রঃ ০৩ বাসা বাড়ীতে নিজস্ব ব্যবস্থাপনায় তাৎক্ষণিকভাবে গ্যাস সিলিন্ডারের অগ্নি-নির্বাণ

ছবি	ছবি	প্রশিক্ষণ
		<ul style="list-style-type: none"> ➤ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সহযোগীতায় বিভিন্ন প্রতিষ্ঠান ও ভবনে আটকে পড়া মানুষদের মই বা সিঁড়ি ব্যবহার করে উদ্ধার করা হচ্ছে।

চিত্রঃ ০৪ উদ্ধার প্রক্রিয়া

ছবি	প্রশিক্ষণ
	<p>➤ অগ্নিকান্ডে আটকে পড়া মানুষদের ফায়ার পুফ পোষাক পরিধান করে উদ্ধার করা হচ্ছে।</p>

চিত্রঃ-০৫ অগ্নিকান্ডে আটকে পড়া মানুষদের উদ্ধার প্রক্রিয়া।

উপজেলা সমুহের মহড়ার ছবি





চিত্রঃ-০৬ নলছিটি উপজেলার মহড়ার ছবি



চিত্রঃ-০৭ কাঠালিয়া উপজেলার মহড়ার ছবি

ষষ্ঠ পরিচ্ছেদ পরিবীক্ষণ ও মূল্যায়ন অনুবিভাগ

পরিবীক্ষণ ও মূল্যায়ন অনুবিভাগ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়িত বিভিন্ন কর্মসূচির নিয়মিত পরিবীক্ষণ, মূল্যায়ন ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা এবং বিস্তারিত তথ্য সংরক্ষণ করে থাকে। পরিবীক্ষণ ও মূল্যায়ন অনুবিভাগ এ অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়িত গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্প যেমন রাস্তা নির্মাণ, পুনঃ নির্মাণ, মেরামত ও সংস্কার, পুকুর খনন ও পুনঃ খনন, ধর্মীয়, শিক্ষা, সাংস্কৃতিক প্রতিষ্ঠানের মাঠ উন্নয়ন ইত্যাদি প্রকল্পসমূহ নিয়মিতভাবে পরিবীক্ষণ, পরিধারণ ও মূল্যায়ন করে আসছে। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির কাজ শুরু হওয়ার পূর্বে গৃহীত প্রকল্পের প্রাক-জরিপ যাচাই, প্রকল্পের কাজ চলাকালীন পরিবীক্ষণ এবং কাজ সমাপ্ত হওয়ার পর কর্মোত্তর জরিপ যাচাই করা হয়। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) কর্মসূচির প্রকল্পসমূহ শুধুমাত্র প্রকল্পের কাজ চলাকালীন পরিবীক্ষণ করা হয়। এ অনুবিভাগ বিভিন্ন প্রকল্পের অব্যয়িত/আত্মসাৎকৃত খাদ্যশস্যের মূল্য ও টাকা আদায়, অব্যয়িত পরিবহণ ও আনুষংগিক খরচের অর্থ আদায় এবং স্থানীয় অভিযোগের ভিত্তিতে তদন্ত করে অব্যয়িত/আত্মসাৎকৃত টাকা আদায় করা হয়। পরিবীক্ষণ ও মূল্যায়ন অনুবিভাগের কার্যাবলীর সংক্ষিপ্ত বিবরণ নিম্নে দেয়া হলোঃ

(১) বিভিন্ন উপজেলা হতে প্রাপ্ত গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন সংগ্রহপূর্বক যথাযথ সংরক্ষণ ও সমন্বিত বার্ষিক প্রতিবেদন তৈরীকরণ।

(২) বাস্তবায়নধীন কর্মসূচির ফলপ্রসু ও কার্যকরী তদারকির লক্ষ্যে মাঠ পর্যায়ে অফিস পরিদর্শন, তথ্যাদি, উপাত্ত, প্রতিবেদন রিপোর্ট/রিটার্ন ইত্যাদি কার্যক্রম গ্রহণ।

(৩) মাঠ পর্যায়ে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) কর্মসূচির প্রাক-জরিপ, পরিবীক্ষণ, কর্মোত্তর জরিপ যাচাইয়ের ব্যবস্থা গ্রহণ।

(৪) গ্রামীণ অবকাঠামো সংস্কার ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহের অব্যয়িত খাদ্যশস্যের মূল্য ও অব্যয়িত টাকা আদায় এবং অনাদায়ী অর্থের জন্য সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

(৫) মাঠ পর্যায়ে বাস্তবায়নধীন প্রকল্প নির্বাচনে কারিগরী উপযোগিতা মূল্যায়ন ও বাস্তবায়ন সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশিকা জারীকরণ।

(৬) বাস্তবায়নধীন ও বাস্তবায়িত প্রকল্পের পরিমাপ ও কারিগরী যাচাই সংক্রান্ত কার্যাবলী।

৬.১.১ পরিবীক্ষণ ও মূল্যায়নের উদ্দেশ্যঃ

গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের মাধ্যমে গ্রাম অঞ্চলের যোগাযোগ ব্যবস্থার সার্বিক উন্নয়ন ও সেচ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে খাদ্য উৎপাদন বৃদ্ধিতে সহায়তা প্রদান, পুকুর খনন/ পুনঃ খননের মাধ্যমে মৎস্য সম্পদ বৃদ্ধিতে সহায়তা প্রদান এবং শিক্ষা, ধর্মীয় ও অন্যান্য প্রতিষ্ঠানের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এ ছাড়া পল্লী অঞ্চলের বিপুল সংখ্যক বেকার লোকদের কর্মসংস্থানের মাধ্যমে সামাজিক নিরাপত্তা এবং অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখা। বর্ণিত উদ্দেশ্যাবলী সামনে রেখে গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির আওতায় যে সকল প্রকল্প গ্রহণ করা হয় উহার যথাযথ বাস্তবায়ন করা হচ্ছে কিনা, বাস্তবায়নে কোন সমস্যা হলে তা চিহ্নিত করা এবং সমস্যা সমাধানের প্রয়োজনীয় দিক নির্দেশনা দেয়া। বরাদ্দকৃত সম্পদ যথাযথ ব্যবহার হচ্ছে কি না তা চিহ্নিত করা এবং কর্মসূচির গুণগতমান নিরূপণ করা, কর্মসূচির সাফল্য, ব্যর্থতা এবং ভবিষ্যতে অনুসরণীয় দিক তুলে ধরাই পরিবীক্ষণ ও মূল্যায়নের মূল উদ্দেশ্য।

৬.১.২ গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর আওতায় গৃহীত প্রকল্পের প্রাক-জরিপ সংক্রান্ত কার্যক্রমঃ

৬.১.৩ প্রাক-জরিপ যাচাইঃ

গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির প্রকল্প গ্রহণের জন্য উপজেলা ভিত্তিক বরাদ্দ জারীর পর মন্ত্রণালয় হতে প্রণীত ও জারীকৃত পরিপত্র মোতাবেক উপজেলা হতে প্রকল্পসমূহ প্রণয়নপূর্বক প্রকল্প ভিত্তিক বরাদ্দ নির্ধারণ করে উহা অনুমোদনের জন্য সংশ্লিষ্ট জেলায় প্রেরণ করা হয়। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়ে প্রকল্পগুলো সঠিক ভাবে প্রণয়ন করা হয়েছে কিনা উহা যাচাই বাছাই

করা হয় এবং জেলা কর্ণধার কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর প্রকল্প ভিত্তিক বরাদ্দপত্র জেলা কার্যালয় হতে জারী করা হয়। প্রকল্প প্রণয়নকালে উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদনের পর প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্পের প্রাক-জরিপ গ্রহণ করা হয়। গৃহিত প্রাক-জরিপে প্রকল্পের কাজ শুরু হওয়ার পূর্বে এ প্রকল্প সঠিকভাবে প্রণয়ন করা হয়েছে কিনা, তা বাস্তবায়নের পূর্বের অবস্থায় পার্শ্ব ভরাট এবং গর্ত ভরাট এর জন্য কি পরিমাণ মাটির প্রয়োজন ইত্যাদি নিরূপণ করা হয়। উপজেলা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত প্রাক-জরিপের সঠিকতা এবং প্রকল্প প্রণয়ন ও প্রাক্কলন সঠিকভাবে করা হয়েছে কিনা উহা নির্ণয়ের জন্য এ অধিদপ্তর এবং জেলা পর্যায়ের কর্মকর্তাদের দ্বারা মোট প্রকল্পের একটি নির্দিষ্ট সংখ্যক প্রকল্পের প্রাক-জরিপ যাচাই গ্রহণ করা হয়।

৬.১.৪ প্রকল্প পরিবীক্ষণঃ

মাঠ পর্যায়ে প্রকল্পের কাজ চলাকালীন বাস্তবায়ন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সংগ্রহ, বাস্তবায়নের মান যাচাই করা, পরিপত্র অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের সমস্যা চিহ্নিতকরণ এবং সমস্যা সমাধানকল্পে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা প্রকল্প পরিবীক্ষণের উদ্দেশ্য। প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়নের নিশ্চয়তা বিধানের জন্য প্রকল্প পরিবীক্ষণ অপরিহার্য। প্রকল্পের কাজ চলাকালীন পরিলক্ষিত ত্রুটি বিচ্যুতি চিহ্নিত করে উহা সমাধানকল্পে পরিপত্র মোতাবেক সহায়তা প্রদান। এজন্য অত্র অধিদপ্তর এবং জেলা পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে গ্রামীণ অবকাঠামো সংস্কার ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের একটি নির্দিষ্ট সংখ্যক প্রকল্পের কাজ পরিবীক্ষণ করা হয়।

৬.১.৫ কর্মোত্তর জরিপ যাচাইঃ

পরিপত্র মোতাবেক প্রকল্পের কাজ যথাযথভাবে বাস্তবায়ন সম্পন্ন হয়েছে কিনা, বরাদ্দকৃত সম্পদ দ্বারা মাটির কাজ এবং অন্যান্য আনুষঙ্গিক কাজ করা হয়েছে কি না তা যাচাই করার জন্য কর্মোত্তর জরিপ করা হয়। প্রকল্পের কাজ সমাপ্তির পর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কর্মোত্তর জরিপ গ্রহণক্রমে ব্যয়িত খাদ্যশস্য সমন্বয় করেন। অর্থাৎ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কর্মোত্তর পরিমাপে যে পরিমাণ মাটির কাজ এবং অন্যান্য আনুষঙ্গিক কাজ পান সে পরিমাণ খাদ্যশস্য/টাকা প্রকল্পের অনুকূলে সর্বশেষ কিস্তিতে ছাড় করেন। ফলে গৃহীত প্রকল্পের ১০০% কাজ সম্পাদিত হওয়ার ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যানের নিকট কোন খাদ্যশস্য/টাকা অব্যয়িত থাকার অবকাশ নেই। যে সমস্ত প্রকল্পের আংশিক কাজ সম্পাদন করা হয়ে থাকে সে সকল প্রকল্পের কর্মোত্তর জরিপ গ্রহণ করে যে পরিমাণ কাজ পাওয়া যায় সে অনুযায়ী খাদ্যশস্য/টাকা ব্যয়িত দেখিয়ে বাকী খাদ্যশস্য/টাকা (যদি থাকে) অব্যয়িত দেখানো হয় এবং নিয়মানুযায়ী তা আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সার্বিক কাজ সঠিকভাবে সমন্বয় করেছেন কিনা, কাজ বুঝে নিয়েছেন কিনা, তা সমন্বয়ের জন্য অধিদপ্তরের কর্মকর্তা এবং জেলা পর্যায়ের কর্মকর্তাদের দ্বারা নির্দিষ্ট সংখ্যক প্রকল্পের কর্মোত্তর জরিপ যাচাই করা হয়।

৬.১.৬ সমাপ্তি প্রতিবেদনঃ

প্রকল্পের কাজ সম্পন্ন হওয়ার পর প্রকল্পের বাস্তবায়ন সংক্রান্ত বিস্তারিত বিবরণ ও বরাদ্দকৃত, উত্তোলিত, ব্যয়িত, অব্যয়িত এবং সমন্বয়কৃত খাদ্যশস্য/টাকার বিস্তারিত তথ্য ও প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত পরিবহণ ও আনুষঙ্গিক খরচ সমন্বয় সম্পর্কিত তথ্য পরিপত্রের নির্দিষ্ট ছকে প্রকল্পওয়ালী সমাপ্তি প্রতিবেদন প্রেরনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও উপজেলা নির্বাহী কর্মকর্তা নিকট পত্র দেয়া হয়। প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন প্রেরন না করা পর্যন্ত কোন অবস্থাতেই প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে বলে গণ্য করা হয় না। গৃহীত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন পাওয়া না গেলে সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। প্রকল্পের অব্যয়িত খাদ্যশস্যের মূল্য/অব্যয়িত টাকা আদায় করে পরিপত্রের নির্দেশিকা মোতাবেক সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিত করা হয়।



জনাব মোঃ শাহাবুদ্দিন, উপপরিচালক (মুওপ-১), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এবং জনাব মোঃ রেজাউল করিম জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নারায়ণগঞ্জ ও জনাব মোঃ আনোয়ার হোসেন, পিআইও, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ কর্তৃক নারায়ণগঞ্জ জেলার জামিয়া আলহাজ্জ আঃ আউয়াল চিঃ নুরানী হাফিজী কওমী মাদ্রাসায় জিআর চাল বিতরণ কার্যক্রম।

সপ্তম পরিচ্ছেদ ভালনারেবল গ্রুপ ফিডিং (ভিজিএফ) অনুবিভাগ

৭.১.০ ২০২২-২০২৩ অর্থবছরে ভিজিএফ কর্মসূচির কার্যক্রমঃ

৭.১.১ ভিজিএফ অনুবিভাগের কার্যক্রম:

- (১) পবিত্র ঈদ-উল-ফিতর এবং ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ৬৪ টি জেলা এবং ৩২৯ টি পৌরসভায় ভিজিএফ খাদ্যশস্য বরাদ্দ।
- (২) বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা মোতাবেক জেলা প্রশাসকগণের চাহিদার ভিত্তিতে খাদ্যশস্য বরাদ্দ প্রদান:
- (৩) প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ প্রকল্পের জন্য ভিজিএফ কর্মসূচির আওতায় খাদ্যশস্য বরাদ্দ।
- (৪) বরাদ্দকৃত খাদ্যশস্যের পরিবহন ও আনুষংগিক খরচের অর্থ বরাদ্দ প্রদান;
- (৫) দুর্যোগ ঝুঁকিহাস কর্মসূচি এবং সাময়িক বেকারত্ব মোচন তহবিল কর্মসূচির বিতরণকৃত ঋণের টাকা আদায়ের হিসাব সংরক্ষণ।

৭.১.২ ভিজিএফ কার্যক্রম:

ভিজিএফ একটি মানবিক সহায়তা কর্মসূচি, যার মাধ্যমে সরকার দরিদ্র পরিবারের মধ্যে ঈদ-উল-ফিতর এবং ঈদ-উল-আযহার মত ধর্মীয় উৎসবের সময় খাদ্য বিতরণ করে থাকে। ভিজিএফ কর্মসূচিতে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনগণের মধ্যে খাদ্যশস্য সরবরাহ করা হয়।

৭.১.৩ এই কর্মসূচির উদ্দেশ্য:

- (১) দুঃস্থ ও গরীব জনগণের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা;
- (২) পীড়িত জনগণ এবং শিশুদের রোগ প্রতিরোধ করা;
- (৩) বাজারমূল্য স্থিতিশীল রাখা;
- (৪) মন্দার সময়ে কর্মহীন জনগণের মধ্যে খাদ্য সরবরাহ করা;
- (৫) উপকারভোগীদেরকে সাময়িক সাহায্যের মাধ্যমে দারিদ্র্য নিরসনে অবদান রাখা, বিশেষ করে অতিদরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে সহায়তা করা।



চিত্রঃ ০১ বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার সদর ইউনিয়নে পবিত্র ঈদ উল ফিতর-২০২৩ উপলক্ষ্যে ভিজিএফ চাল বিতরণ।



চিত্রঃ ০২ কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলায় পবিত্র ঈদ উল ফিতর-২০২৩ উপলক্ষ্যে ভিজিএফ চাল বিতরণ কার্যক্রম পরিদর্শন করেন জনাব মোহাম্মদ আবেদ আলী, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুমিল্লা।

৭.১.৪ ২০২২-২০২৩ অর্থবছরের ভিজিএফ কর্মসূচির আওতায় খাদ্যশস্য বরাদ্দের বিবরণ

ক্রঃ/নং	উপলক্ষ্য	মন্ত্রণালয়ের স্মারক নং ও তারিখ	জেলার সংখ্যা	অধিদপ্তরের স্মারক নং ও তারিখ	কার্ড প্রতি খাদ্যশস্য বরাদ্দের পরিমাণ	মোট বরাদ্দকৃত খাদ্যশস্য (মেঃটন)	উপকারভোগীর সংখ্যা (পরিবার)
১	২	৩	৪	৫	৬	৭	৮
১.	ঈদ-উল-আযহা, ২০২২ উপলক্ষ্যে ভিজিএফ চাল বরাদ্দ	৩০১ ৩/০৭/২০২২	৬৪টি জেলা ৩২৯টি পৌরসভা	১৪৯ ০৩/০৭/২০২২	১০ কেজি	১,০০,৩৩০.০৫৪	১,০০,৩৩,০৫৪ × ৪ = ৪,০১,৩২,২১৬ জন
২.	ঈদ-উল-ফিতর, ২০২৩ উপলক্ষ্যে ভিজিএফ চাল বরাদ্দ	১৯৪ ২৯/০৩/২০২৩	৬৪টি জেলা ৩২৯টি পৌরসভা	১৭৮ ৩০/৩/২০২৩	১০ কেজি	১,০০,৩৩০.৫৪০	১,০০,৩৩,০৫৪ × ৪ = ৪,০১,৩২,২১৬ জন
৩.	ঈদ-উল-আযহা, ২০২৩ উপলক্ষ্যে ভিজিএফ চাল বরাদ্দ	১৮৫ ০৭/০৬/২০২৩	৬৪টি জেলা ৩২৯টি পৌরসভা	১৮৫ ০৭/০৬/২০২৩	১০ কেজি	১,০০,৫১৫.০০০	১,০০,৫১,৫০০ × ৪ = ৪,০২,০৬,৫০০ জন
মোট=						৩,০১,১৭৫.১০৮	৩,০১,১৭,৬০৮ পরিবার ১২,০৪,৭০,৯৩২ জন


অষ্টম পরিচ্ছেদ

পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা (এমআইএম) অনুবিভাগ


৮.১.০ আইসিটি সম্পর্কিত কার্যক্রমঃ

জরুরি সাড়াদান ড্যাশবোর্ড (Emergency Operational Dashboard): দুর্যোগ পরিস্থিতিতে জরুরি সাড়াদান এবং দ্রুত পুনরুদ্ধার কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে অন্যতম এবং প্রধান শর্ত হচ্ছে-দুর্যোগ উত্তর জরুরি চাহিদা নিরূপন ও ক্ষয়ক্ষতি নিরূপন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী (এসওডি)-তে স্থানীয় পর্যায়ে সকল দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি গুলোর (জেলা, উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন) জন্য এ বিষয় সুস্পষ্ট দিকনির্দেশনা রয়েছে। এসওডি-র নির্দেশনা অনুযায়ী দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তীকালে জরুরি চাহিদা ও ক্ষয়ক্ষতি সম্পর্কিত তথ্য সংগ্রহের জন্য “এসওএস” ফরম এবং “ডি” ফরম ব্যবহার করা হয়ে থাকে। তৃণমূল পর্যায়ে জরিপের মাধ্যমে জরুরি চাহিদা ও ক্ষয়ক্ষতি সম্পর্কিত তথ্য সংগ্রহের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ফরম দু’টি ব্যবহার করে থাকেন।

উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ইউনিয়ন থেকে এসওএস ও ডি-ফরমের তথ্য সংগ্রহ এবং সমন্বিত করে জেলায় প্রেরণ করে থাকেন। একইভাবে জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিব জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা সকল উপজেলার তথ্য সমন্বিত করে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করে থাকে। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের জরুরী সাড়াদান কেন্দ্র হতে সকল জেলার ক্ষয়ক্ষতির তথ্য সমন্বিত করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করে থাকে। এ ধরনের ফরমপূরণ ও সমন্বিত করতে একই কাজ বার বার করতে হয় ফলে সময় বেশী লাগে। এজন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে ক্ষয়ক্ষতি, চাহিদা ও ত্রাণ সামগ্রী বিতরণে তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও বিশ্লেষণ করার জন্য একটি সফটওয়্যার তৈরীর উদ্যোগ গ্রহণ করা হয়। এ সফটওয়্যারটি তৈরীর কাজ ইতোমধ্যে শেষ হয়েছে এবং পরীক্ষামূলক তথ্য প্রবেশ করে পরীক্ষা নিরীক্ষাও করা হয়েছে। এছাড়া গত ঘূর্ণিঝড় “ইয়াস” এ সাতক্ষীরার শ্যামনগর উপজেলার ক্ষয়ক্ষতি এবং ত্রাণ সামগ্রীর তথ্য অনলাইনে সংগ্রহ এবং সংরক্ষণ ও বিশ্লেষণ সহ বিভিন্ন ধরনের প্রতিবেদন প্রস্তুত করা হয়।



৮.১.১ Disaster Management Knowledge Portal: দুর্যোগ এবং দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত সকল প্রকাশনা এক জায়গা থেকে যাতে পাওয়া যায় সেজন্য ২০২১-২০২২ অর্থ বছরে Innovation Plan এর মধ্যে সেবা ডিজিটাইজেশন ক্যাটাগরীতে Disaster Management Knowledge Portal তৈরী করা হয়েছে। বর্তমানে পোর্টালে ৪৭৪টি বিভিন্ন ধরনের প্রকাশনা আপলোড করা হয়েছে। ডিডিএম ওয়েব সাইটে লিংক দেয়া আছে।



৮.১.২ দুর্যোগের আগাম বার্তা প্রেরণে মোবাইল ফোনে IVR (Interactive Voice Response) প্রযুক্তি ব্যবহারঃ মোবাইল ফোনের মাধ্যমে জনসাধারণের বোধগম্য ভাষায় দুর্যোগের আগাম বার্তা Interactive Voice Response (IVR) পদ্ধতিতে প্রচার করা হচ্ছে। এ বিষয়ে যে কোন মোবাইল থেকে টোল ফ্রি নম্বর ১০৯০ কোডে ডায়াল করে ১ চাপ দিয়ে সমুদ্রগামী জেলেদের জন্য আবহাওয়া বার্তা, ২ চাপ দিয়ে নদ-নদী বন্দরসমূহের সতর্কতা বার্তা, ৩ চাপ দিয়ে দৈনিন্দন আবহাওয়া বার্তা, ৪ চাপ দিয়ে ঘূর্ণিঝড়ের বার্তা ও ৫ চাপ দিয়ে নদ-নদীর পানির পূর্বাভাস জানা যায়। IVR এর মাধ্যমে দুর্যোগের পূর্বাভাস জানার আগ্রহ বৃদ্ধি পাওয়ায় IVR সিস্টেমের সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হয়েছে।



৮.১.৩ ওয়েব পোর্টাল (ddm.gov.bd): ২০১৪ সালে ডিডিএম ওয়েব সাইটটি ন্যাশনাল পোর্টাল ফ্রেমওয়ার্কে স্থানান্তরিত হয়। বাংলা এবং ইংরেজী দুই ভাষায় নির্মিত এ ওয়েব সাইটটি নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। সকল অফিস আদেশ, দরপত্র বিজ্ঞপ্তি, নোটিশ, যোগাযোগ, নিয়োগ বিজ্ঞপ্তি, দুর্যোগ পরিস্থিতি প্রতিবেদন, সামাজিক নিরাপত্তা কর্মসূচির সকল বরাদ্দ আদেশ, দুর্যোগ ব্যবস্থাপনা আইন, নীতিমালা, পরিকল্পনা, নির্দেশিকা, ডিডিএম কর্তৃক বাস্তবায়িত সকল প্রকল্পের প্রয়োজনীয় তথ্যাদি ইত্যাদি নিয়মিত প্রকাশ করা হচ্ছে। ২০১৯ সালে ডিডিএম বাংলা ডোমেনে এ পোর্টালটি চালু করা হয়।

৮.১.৪ ফেসবুক পেজ ও গ্রুপঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ফেসবুক পেজ (<https://www.facebook.com/ddmbangladesh>) এবং ফেসবুক গ্রুপ চালু করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারিবৃন্দকে Department of Disaster Management-DDM গ্রুপের মেম্বার করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাঠ পর্যায়ে বাস্তবায়িত কার্যক্রম এই গ্রুপে তুলে ধরা হয়।

৮.১.৫ হোয়াটসঅ্যাপ ডিডিএম অফিসার গ্রুপ: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সকল কর্মকর্তাদের সমন্বয়ে একটি অফিসার্স গ্রুপ (DG DDM Officers Group) তৈরি করা হয়েছে। এই গ্রুপে অধিদপ্তরের বিভিন্ন কর্মকর্তা এবং দুর্যোগ সংক্রান্ত জরুরি তথ্যাদি নিয়মিত শেয়ার করা হয়।

৮.১.৬ রাস্তার আইডি তৈরি: গ্রামীণ পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত টিআর/ কাবিখা-কাবিটা/ ইজিপ্তিপি কর্মসূচীর আওতায় সংস্কারকৃত মাটির রাস্তার আইডি ডাটাবেজ তৈরি করা হয়েছে। এ ডাটাবেজে এখন পর্যন্ত ১,৭৬,১২৮ রাস্তার আইডি প্রদান করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েবসাইটে রাস্তার আইডি ডাটাবেজের লিংক সংযুক্ত করা হয়েছে।

৮.১.৭ ই-নথিঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে ই-নথি কার্যক্রম মার্চ, ২০১৭ সালে শুরু কার হয়। এ বিষয়ে সকলকে প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্তমানে ই-নথির কার্যক্রম অধিদপ্তরের ০৮টি অনুবিভাগের অধীন সকল শাখাতে চালু আছে। কর্মকর্তা-কর্মচারিবৃন্দকে ই-নথির উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বর্তমানে ০৮-০৬-২৩ তারিখ হতে ই-নথির আপগ্রেড ভার্সন ডি নথি চালু হয়েছে।

৮.১.৮ ইন্টারনেট ও ওয়াইফাই সুবিধাঃ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারিবৃন্দকে কম্পিউটার ও ল্যান ইন্টারনেট সুবিধা প্রদান করা হয়েছে। প্রতিটি ফ্লোরে ওয়াই ফাই সুবিধার আওতায় আনা হয়েছে। ইন্টারনেট ব্যান্ড উইথ ২৫মেগাবাঃ হতে ১০০মেগাবাঃ বৃদ্ধি করা হয়েছে। ইন্টারনেট সেবা সার্বক্ষণিক নিশ্চিত করার জন্য বিটিসিএল এর বিকল্প সংযোগ নেয়া হয়েছে। বর্তমানে A2I আদর্শ নেটওয়ার্ক মডেল অনুসরণ করে ডিডিএম এর নেটওয়ার্ক আপগ্রেডেশন করা হয়েছে।

৮.১.৯ DDM MIS Software: SMO DMRPA প্রকল্প হতে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ৫টি সামাজিক নিরাপত্তা কর্মসূচির কার্যক্রম নিয়ে DDM MIS শীর্ষক একটি সফটওয়্যার তৈরী করছে। এ সফটওয়্যারের মাধ্যমে কাবিখা/কাবিটা, টিআর, ইজিপিপি জিআর ও ভিজিএফ এর সকল কার্যক্রম বাস্তবায়িত হবে। এ সফটওয়্যার দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের নিকট এখনে হস্তান্তরিত।

৮.১.১০ ইজিপি (Electronic Government Procurement)ঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে ই-জিপি প্রক্রিয়ায় মে ২০১৭ তারিখ হতে অনলাইনে দরপত্র আহ্বান কার্যক্রম শুরু করা হয়। এ লক্ষ্যে সকল কর্মকর্তা ও সংশ্লিষ্টদেরকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বন্যা আশ্রয়কেন্দ্র, বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র, এইচবিবি রাস্তা, সেতু-কালভার্ট, মুজিব কিল্লা, জেলা ত্রাণ গুদাম নির্মাণ, SMO DMRPA, DRMEP, NRP, URP, LDRRP, PROVATI3. সকল দরপত্র আহ্বান থেকে শুরু করে সকল কাজ সম্পাদন করছে। পর্যায়ক্রমে সকল অনুবিভাগ ও প্রকল্পে সকল ক্রয় কার্যক্রম ইজিপির মাধ্যমে সম্পাদন করা হবে।

৮.১.১১ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনাঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের GRS (Grievance Redress System) চালু আছে। এ ব্যবস্থায় যে কোন স্থান হতে যেকোন ব্যক্তি অধিদপ্তর সংশ্লিষ্ট কোন বিষয়ে অভিযোগ দাখিল করতে পারবেন এবং প্রতিকার সম্পর্কে অবহিত হতে পারবেন। ২০২১-২০২২ অর্থ বছরে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত সফটওয়্যারের উপর কর্মকর্তা-কর্মচারীদেরকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা (এমআইএম) অনুবিভাগ

৮.২.১ জিআইএস শাখার হালনাগাদ তথ্যঃ

- **Shelter Information Management System (SIMS):** দেশের উপকূলীয় ও বন্যপ্রবণ অঞ্চলে নির্মিত বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র, বন্যা আশ্রয়কেন্দ্র ও মুজিবকিল্লা সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ওয়েবসাইট ভিত্তিক ডাটাবেইজে সংরক্ষণ করা হয়েছে। এ ডাটাবেইজে আশ্রয়কেন্দ্রগুলির কাঠামোগত এবং আনুষঙ্গিক তথ্য যেমন: ভৌগোলিক অবস্থান (অক্ষাংশ/দ্রাঘিমাংশ), ব্যবহার উপযোগিতা, ধারণক্ষমতা, ইত্যাদি সংরক্ষণ করা হয়েছে। এ ডাটাবেইজটির তথ্য ব্যবহার করে নতুন আশ্রয়কেন্দ্র নির্মাণের সঠিক স্থান নির্বাচন করা, ঘূর্ণিঝড় বিভিন্ন দুর্যোগের সময় লোকজনকে আশ্রয়কেন্দ্রে আনার জন্য উপযুক্ত পথ নির্ধারণ করা এবং আশ্রয়কেন্দ্রের ব্যবস্থাপনা ও মেরামতের প্রয়োজনীয়তা নিরূপণ করা যাবে।
- **MRVA Atlas (কোন স্থানের আপদ মানচিত্র, ঝুঁকি সূচকের সংক্ষিপ্ত বিবরণ, ঝুঁকিতে থাকা বিভিন্ন প্রতিষ্ঠান, অবকাঠামো ইত্যাদির সমন্বিত তথ্য ভান্ডার):** এ এটলাসটি একটি নির্দিষ্ট উপজেলার ঝুঁকির মানচিত্র বিশ্লেষণের ক্ষেত্রে প্রয়োজনীয় যে সকল তথ্য দিয়ে সাহায্য করে সেগুলো হচ্ছে আপদের অবস্থা সংক্রান্ত তথ্যাদি যেমন ভূমিকম্প, বন্যা, জলোচ্ছাস, ভূমিকম্প, খরা, সুনামী, প্রযুক্তিগত আপদ ও স্বাস্থ্য সংক্রান্ত আপদের গভীরতা ও পরিধি এবং বিপদাপন্নতা ইত্যাদি।
- **টেকসই উন্নয়নের জন্য ভূ-স্থানিক তথ্যের ব্যবহারে সক্ষমতা শক্তিশালীকরণ: UNOSAT** নরওয়েজিয়ান উন্নয়ন সহযোগী সংস্থা NORAD এর সহায়তায় এশিয়া-প্যাসিফিক ও আফ্রিকায় "টেকসই উন্নয়নের জন্য ভূ-স্থানিক তথ্যের ব্যবহারে সক্ষমতা শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্প অনুমোদিত হয়েছে। ০১ বছর ০৩ মাস মেয়াদী এই প্রকল্পটি বিশেষ করে দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য ভূ-স্থানিক প্রযুক্তির প্রয়োগে বাংলাদেশকে বিভিন্ন ধরনের সেবা প্রদান করতে সক্ষম, যা নিম্নরূপ -

- (ক) ভূ-স্থানিক তথ্য প্রযুক্তির উপর প্রযুক্তিগত প্রশিক্ষণ এবং সচেতনতা বৃদ্ধি কার্যক্রম,
- (খ) জটিল ডেটা বিশ্লেষণ সম্পাদন করতে এবং সিদ্ধান্ত গ্রহণে সমর্থ প্ল্যাটফর্ম হিসাবে কাজ করার জন্য স্মার্ট ওয়েব-ভিত্তিক অ্যানালিকেশনগুলির বিকাশ,
- (গ) প্রযুক্তিগত সহায়তার জন্য দেশের মধ্যে বিশেষজ্ঞ প্রদান, এবং
- (ঘ) ক্রমাগত সক্ষমতা বিকাশের জন্য একটি জ্ঞান প্ল্যাটফর্ম এবং "কমিউনিটি অফ প্র্যাকটিস (COP)" বাস্তবায়ন।

- **৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় শীর্ষক অবহিতকরণ কর্মশালা:** ২০২২-২০২৩ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা কর্মসম্পাদন সূচক ১.৪.২ এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজিত সংক্রান্ত কর্মশালা সম্পন্ন করতে হবে। সে প্রেক্ষিতে গত ২১/০৫/২০২৩ তারিখে কর্মশালা অনুষ্ঠিত হয়।



চিত্রঃ ০১ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় শীর্ষক অবহিতকরণ কর্মশালা।

- **সিটি করপোরেশন ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যগণদের প্রশিক্ষণ প্রদান:** BDRCS এর সহযোগীতায় ঢাকা ও সিলেট জেলার সিটি করপোরেশনের ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যগণদের প্রশিক্ষণের পদক্ষেপ গ্রহণ করা হয়। এ প্রেক্ষিতে ঢাকা সিটি করপোরেশনের ৪৭ ও ৫১ নং ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী (SOD) ও জনগোষ্ঠীর ঝুঁকি নিরূপণ (CRA) বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়।



চিত্রঃ ০২ সিটি করপোরেশন ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যগণের দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী (SOD) ও জনগোষ্ঠীর ঝুঁকি নিরূপণ (CRA) বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা।

- **বিশেষ আবহাওয়া বুলেটিন/দুর্যোগ সতর্কবার্তা দ্রুত প্রচার ও কৌশল নির্ধারণ সম্পর্কিত কমিটির সভা:** দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি ২০১৯ এর ৩.১.১০ এ বিশেষ আবহাওয়া বুলেটিন/দুর্যোগ সতর্ক বার্তা দ্রুত প্রচার ও কৌশল নির্বাচন সংক্রান্ত একটি কমিটি রয়েছে। উক্ত কমিটির সভাপতি মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং সদস্য সচিব পরিচালক (এমআইএম), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। এসওডি-তে কমিটির প্রয়োজন অনুযায়ী যে কোন সময় সভা আহ্বান করার নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে গত ২৩/০৫/২০২৩ তারিখে এ কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়।



চিত্রঃ ০৩ বিশেষ আবহাওয়া বুলেটিন/দুর্যোগ সতর্কবার্তা দ্রুত প্রচার ও কৌশল নির্ধারণ সম্পর্কিত কমিটির সভা।

- **দুর্যোগের ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরূপণ এবং Emergency Operational Dashboard Software (EOD) বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা:** বিশ্ব খাদ্য সংস্থা এর সহযোগিতায় Emergency Operational Dashboard Software তৈরি করা হয়। উক্ত সফটওয়্যারটি ব্যবহার শুরু করার লক্ষ্যে কেয়ার বাংলাদেশ, এডিপিসি ও বিডিআরসিএস এর সহযোগিতায় প্রাথমিকভাবে দুর্যোগ প্রবণ মোট ০৮টি জেলায় যথাক্রমে জামালপুর, বাগেরহাট, বান্দরবান, রাজশাহী, ঢাকা, সুনামগঞ্জ, পটুয়াখালী ও সিলেট কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এছাড়া সফটওয়্যারটি আরও সমৃদ্ধ ও উন্নয়নের কাজ চলমান রয়েছে। উক্ত সফটওয়্যারটি পুরোপুরিভাবে ব্যবহার শুরু হলে খুব অল্প সময়ের মধ্যে নির্ভুলভাবে দুর্যোগের ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ করা সম্ভব হবে।



চিত্রঃ০৪ দুর্যোগের ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরূপণ এবং Emergency Operational Dashboard Software (EOD) বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা।

নবম পরিচ্ছেদ

উন্নয়ন প্রকল্পসমূহ

গ্রামীণ রাস্তায় ১৫মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্প।

৯.১.১ প্রকল্পের পটভূমিঃ

বাংলাদেশ একটি অন্যতম দুর্যোগপ্রবণ গ্রাম প্রধান দেশ। দুর্যোগের ফলে প্রায় প্রতি বছর সম্পদের ক্ষয়ক্ষতিসহ দুর্যোগ কবলিত এলাকা ও মানুষের সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। দেশের জনসংখ্যার ৮০ শতাংশই গ্রামীণ এলাকায় বাস করে। কৃষি খাত জাতীয় অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদান রাখে। এ প্রেক্ষাপটে, দেশের অধিকাংশ প্রান্তিক জনগোষ্ঠীর জীবন যাত্রার মান উন্নয়ন গ্রামীণ অর্থনীতির বিকাশের উপর নির্ভর করে, যা মূলত গ্রামীণ যোগাযোগ ব্যবস্থা বিশেষ করে স্থল যোগাযোগ ব্যবস্থার সাথে সম্পর্কিত।

এ প্রকল্পের মাধ্যমে গ্রামীণ রাস্তায় সেতু/কালভার্ট নির্মাণ করা হয়। যেখানে প্রান্তিক জনগোষ্ঠী বসবাস করে শস্য উৎপাদন; বিশেষত শাকসবজি, তরকারি ও গবাদিপশু উৎপাদন করে জীবিকা নির্বাহ করে। কিন্তু অনেক ক্ষেত্রে গ্রামীণ রাস্তার গ্যাপে সেতু/কালভার্ট না থাকায় কৃষি পণ্য পরিবহন ও বিপণনে বহুবিধ সমস্যার সম্মুখীন হতে হয়। এতে করে পরিবহন সময় ও ব্যয় বৃদ্ধি পায়। প্রান্তিক জনগোষ্ঠীর এই সমস্যা লাঘবে সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পটি গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তাছাড়া দেশের প্রান্তিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে যাতায়াতের জন্য অনেক সময় বাঁশের সাঁকো দিয়ে পার হতে গিয়ে শিক্ষার্থীরা দুর্ঘটনার শিকার হয়। এসব জায়গায় সেতু/কালভার্ট নির্মাণের ফলে শিক্ষা প্রতিষ্ঠানে যাতায়াত সহজতর হয়েছে। বিশেষভাবে নারী-শিশু ও গর্ভবতী মায়েদের দ্রুত সেবাদান-কেন্দ্রে যাতায়াতের সুবিধা সৃষ্টিসহ দুর্যোগকালীন সময়ে আক্রান্ত জনগোষ্ঠীকে তাদের গবাদিপশু ও প্রয়োজনীয় মালামালসহ দ্রুততম সময়ে নিরাপদে আশ্রয়কেন্দ্রে পৌঁছাতে সেতু/কালভার্ট গুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

১৯৮২ সাল হতে পিএল-৪৮০, টাইটেল-২ ও টাইটেল-৩ এর আওতায় প্রদত্ত গমের বিক্রয়লব্ধ অর্থ দ্বারা সীমিত আকারে গ্রামীণ সড়কে কেয়ার বাংলাদেশ এর তত্ত্বাবধানে অনূর্ধ্ব ৪০ফুট (১২মিটার পর্যন্ত) দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ শুরু করা হয়। এ পর্যন্ত অত্র অধিদপ্তরে বাস্তবায়িত সমাপ্ত প্রকল্পসমূহের মাধ্যমে সর্বমোট ২৪৯,৬৬৮মিটার (২৮৪৯৪টি) সেতু/কালভার্ট নির্মিত হয়েছে। চলমান প্রকল্পের আওতায় দেশের ৬৪ জেলার ৪৯২ টি উপজেলায় ১৪'-০ "হতে ১৮'-০" চওড়া ১৫৬০০০ মিটার (সম্ভাব্য ১৩০০০ টি) সেতু/কালভার্ট নির্মিত হবে। তন্মধ্যে ৯৩৬০০ মিটার বক্সটাইপ (৭৮০০টি) এবং ৬২৪০০ মিটার গার্ডার টাইপ (৫২০০ টি) সেতু/কালভার্ট নির্মাণ করা হবে।

৯.১.২ প্রকল্পের উদ্দেশ্যঃ

- (ক) গ্রামীণ মাটির রাস্তার গ্যাপে সেতু/কালভার্ট নির্মাণ করে জলাবদ্ধতা দূরীকরণ ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ;
- (খ) পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন এবং দুর্যোগের সময় জনসাধারণকে দ্রুত নিরাপদ আশ্রয়কেন্দ্রে স্থানান্তরের মাধ্যমে দুর্যোগজনিত ঝুঁকি হ্রাসকরণ;
- (গ) দেশের স্থানীয় হাট-বাজার, গ্রোথসেন্টার, শিক্ষা প্রতিষ্ঠান ও ইউনিয়ন পরিষদের সাথে কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতায় নির্মিত রাস্তাসমূহের সংযোগ স্থাপনের মাধ্যমে কৃষি উপকরণ সহজভাবে পরিবহন ও বিপণনে সহায়তা প্রদানসহ গ্রামীণ যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সাধন;
- (ঘ) অবকাঠামো নির্মাণকালীন সাময়িক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির করে গ্রামীণ এলাকায় দারিদ্র্য দূরীকরণ ।

৯.১.৩ বরাদ্দ ও ব্যয়ের বিবরণঃ

১. মোট বরাদ্দ	:	মূলঃ	৬৫৭৮২০.০০ লক্ষ টাকা (জিওবি)
		সংশোধিতঃ	৬৫৬৩৭৩.৮৭ লক্ষ টাকা (জিওবি)
২. মেয়াদ কাল	:	মূলঃ	জানুয়ারী ২০১৯ হতে জুন ২০২২
		সংশোধিতঃ	জানুয়ারী ২০১৯ হতে জুন ২০২৪

৯.১.৪ জেলাওয়ারী সেতু/কালভার্ট বাস্তবায়ন অগ্রগতির বিবরণঃ

ক্রমিক নং	জেলা	বরাদ্দের পরিমাণ	অনুমোদিত সেতুর সংখ্যা	বাস্তবায়িত সেতুর সংখ্যা	ব্যয়িত অর্থের পরিমাণ	অবশিষ্ট অর্থের পরিমাণ	কাজের অগ্রগতির হার
১	২	৪	৫	৬	৭	৮	৯
১	কক্সবাজার	৪,০০১.৮৬	১২৮	১২২	৩,৫৯৭.৫১	৪০৪.৩৫	৮৯.৯০%
২	কিশোরগঞ্জ	৫,২২৬.৪৩	১৮২	১৭৬	৪,৬১৭.৮৮	৬০৮.৫৪	৮৮.৩৬%
৩	কুড়িগ্রাম	৪,১৬৬.৬২	১২১	১১০	৩,৩৮৯.৯০	৭৭৬.৭২	৮১.৩৬%
৪	কুমিল্লা	৯,২৩৩.৮৭	৩৪০	৩২৪	৮,২০১.২৮	১,০৩২.৫৯	৮৮.৮২%
৫	কুষ্টিয়া	৩,৬৭২.১৫	১২৩	১২১	৩,৪০৫.০২	২৬৭.১৩	৯২.৭৩%
৬	খাগড়াছড়ি	১,৪০৯.৩১	৪৪	৪৪	১,৩৯৮.৪৯	১০.৮২	৯৯.২৩%
৭	খুলনা	৪,৫৮০.৭৭	১২৫	১২২	৪,১১৩.৫২	৪৬৭.২৬	৮৯.৮০%
৮	গাইবান্ধা	২,৮০৪.০৬	১১০	১০৪	২,৩৭১.৪৮	৪৩২.৫৮	৮৪.৫৭%
৯	গাজীপুর	২,০৯৫.২৬	৭৮	৭৫	১,৯২৭.৯৭	১৬৭.২৯	৯২.০২%
১০	গোপালগঞ্জ	৬,৬৩৫.৯০	১৯৬	১৮৮	৫,৯৯২.১৯	৬৪৩.৭১	৯০.৩০%
১১	চট্টগ্রাম	১১,৬৫৭.৯৩	৩৬৬	৩৫৪	১০,৭৭১.২০	৮৮৬.৭৩	৯২.৩৯%
১২	চাঁদপুর	৭,১৮৩.১৬	২২২	২১৪	৬,৬৬৩.৩১	৫১৯.৮৫	৯২.৭৬%
১৩	চাঁপাই নবাবগঞ্জ	২,১১৬.৩৫	৭৪	৭৪	২,০১৪.২৪	১০২.১১	৯৫.১৮%
১৪	চুয়াডাঙ্গা	৯৮৪.৯১	৫০	৫০	৯৩২.২৪	৫২.৬৭	৯৪.৬৫%
১৫	জয়পুরহাট	১,৪৩২.৩৪	৫৩	৫৩	১,৩২০.১৯	১১২.১৫	৯২.১৭%
১৬	জামালপুর	৪,৫৭৯.৭৮	১১৪	১০৬	৪,১২৯.৮০	৪৪৯.৯৮	৯০.১৭%
১৭	ঝালকাঠি	২,৬৫৭.৬৪	৮০	৭৬	২,২৪৫.০৫	৪১২.৫৯	৮৪.৪৮%
১৮	ঝিনাইদহ	২,৬৮২.০৫	১২২	১২০	২,৪৭৯.৫৮	২০২.৪৭	৯২.৪৫%
১৯	টাঙ্গাইল	৭,০৯৩.৩৭	১৯৮	১৯১	৬,৩৮৮.২৬	৭০৫.১১	৯০.০৬%
২০	ঠাকুরগাঁও	২,৩৪২.৬০	৭৩	৭৩	২,২১৬.২৭	১২৬.৩৩	৯৪.৬১%
২১	ঢাকা	৩,৫৯৭.১৩	১০৪	৯৮	৩,৪২০.৮৮	১৭৬.২৬	৯৫.১০%
২২	দিনাজপুর	৪,৫৫৯.৭১	১৬১	১৫৭	৪,০৪১.৭৬	৫১৭.৯৫	৮৮.৬৪%
২৩	নওগাঁ	৪,০৪০.৪৮	১৫০	১৪৯	৩,৭৫১.২১	২৮৯.২৭	৯২.৮৪%
২৪	নড়াইল	২,২৮৮.৮৭	৬৫	৬৫	২,১৯২.৪৩	৯৬.৪৪	৯৫.৭৯%
২৫	নরসিংদী	২,৯৩৭.৯০	১২০	১১৩	২,৫৫৪.৭৭	৩৮৩.১৩	৮৬.৯৬%
২৬	নাটোর	২,২১৫.৩৭	৭৮	৭৩	১,৭৯৯.৪৯	৪১৫.৮৮	৮১.২৩%
২৭	নারায়ণগঞ্জ	১,৯০০.৫২	৬০	৫৮	১,৭৬৫.০৫	১৩৫.৪৭	৯২.৮৭%
২৮	নীলফামারী	৩,২৬৫.৮৩	১০৩	৯৪	২,৭২৯.৮৮	৫৩৫.৯৬	৮৩.৫৯%
২৯	নেত্রকোনা	৪,৪১৯.১৫	১৫৬	১৪৭	৩,৯৫১.১৭	৪৬৭.৯৮	৮৯.৪১%
৩০	নোয়াখালী	৬,৬৯৯.১৫	১৭৭	১৭৬	৬,৩৮২.০৮	৩১৭.০৭	৯৫.২৭%
৩১	পঞ্চগড়	১,৯৬৮.৫৪	৫৯	৫৮	১,৮২১.০৩	১৪৭.৫১	৯২.৫১%
৩২	পটুয়াখালী	৪,১৫৯.৭৫	১১৭	১১১	৩,৫৮৭.৩৩	৫৭২.৪১	৮৬.২৪%
৩৩	পাবনা	৩,৯৬২.৭১	১১০	১০৮	৩,৫৮৯.৭০	৩৭৩.০১	৯০.৫৯%
৩৪	পিরোজপুর	৩,৭০৩.৮৩	৯৯	৯৯	৩,৪৬৭.৫৫	২৩৬.২৮	৯৩.৬২%
৩৫	ফরিদপুর	৩,৬৮৫.২১	১২৩	১২১	৩,৪১৫.৪৫	২৬৯.৭৬	৯২.৬৮%
৩৬	ফেনী	১,৮১৮.৭৬	৭৯	৭৪	১,৬৮৮.৬৬	১৩০.১০	৯২.৮৫%
৩৭	বগুড়া	৫,২৩০.৯৪	২০০	১৯৫	৪,৭৩৪.৯৬	৪৯৫.৯৮	৯০.৫২%
৩৮	বরগুনা	২,১৯১.০৫	৭০	৬৫	১,৯৩৬.৩৫	২৫৪.৭০	৮৮.৩৮%
৩৯	বরিশাল	৪,১৫২.৪১	১৪০	১২৮	৩,৫০৪.৪৯	৬৪৭.৯২	৮৪.৪০%

ক্রমিক নং	জেলা	বরাদ্দের পরিমাণ	অনুমোদিত সেতুর সংখ্যা	বাস্তবায়িত সেতুর সংখ্যা	ব্যয়িত অর্থের পরিমাণ	অবশিষ্ট অর্থের পরিমাণ	কাজের অগ্রগতির হার
৪০	বাগেরহাট	৪,০২৭.০৬	১২৭	১২৪	৩,৯৩২.২১	৯৪.৮৫	৯৭.৬৪%
৪১	বান্দরবান	১,১১৩.০৩	৩১	৩১	১,০৫৭.৩৮	৫৫.৬৫	৯৫.০০%
৪২	ব্রাহ্মণবাড়িয়া	৫,৫১২.৬৭	১৮০	১৭৩	৪,৯৩৫.৬৩	৫৭৭.০৪	৮৯.৫৩%
৪৩	ভোলা	৩,৬২৮.১৬	১০৯	১০১	৩,১২১.৫৮	৫০৬.৫৯	৮৬.০৪%
৪৪	ময়মনসিংহ	৫,৯৩৪.১৬	২১৫	২১৩	৫,৫৬১.৯৩	৩৭২.২৩	৯৩.৭৩%
৪৫	মাগুরা	১,১৯৯.৩৪	৪৭	৪৭	১,১৯০.২৮	৯.০৬	৯৯.২৪%
৪৬	মাদারীপুর	৩,৯৯৯.১৮	১১৭	১১৪	৩,৭৪৫.৪৫	২৫৩.৭৪	৯৩.৬৬%
৪৭	মানিকগঞ্জ	৩,৩৯০.৮৫	৯৩	৯৩	৩,২৫০.৭০	১৪০.১৫	৯৫.৮৭%
৪৮	মুন্সিগঞ্জ	৪,৩৪৯.৩১	১০৯	৯০	৩,৪৩৫.৫৯	৯১৩.৭২	৭৮.৯৯%
৪৯	মেহেরপুর	৭৩৪.২৫	৩৬	৩১	৪৬২.২৭	২৭১.৯৮	৬২.৯৬%
৫০	মৌলভীবাজার	৩,৫৮০.৭৯	১১০	১০৯	৩,৩৭৫.১৮	২০৫.৬১	৯৪.২৬%
৫১	যশোর	২,০৩৮.২২	১০৯	১০৯	১,৯৫১.৩৭	৮৬.৮৪	৯৫.৭৪%
৫২	রংপুর	৩,৯০৩.৫৮	১২৮	১১৮	৩,২৮১.২৪	৬২২.৩৪	৮৪.০৬%
৫৩	রাংগামাটি	১,৭২০.৫৭	৫৭	৫৭	১,৬৪১.৬৬	৭৮.৯০	৯৫.৪১%
৫৪	রাজবাড়ী	২,২১৬.৬৬	৫৮	৫৫	১,৯৬৮.৩১	২৪৮.৩৫	৮৮.৮০%
৫৫	রাজশাহী	২,২৪৪.১২	৭৭	৭১	১,৯৫৯.৪০	২৮৪.৭১	৮৭.৩১%
৫৬	লক্ষীপুর	৩,৪৯২.৮৬	১১০	১০৭	৩,৩০২.০২	১৯০.৮৪	৯৪.৫৪%
৫৭	লালমনিরহাট	১,৯৯৪.৬৬	৫০	৪৬	১,৭৩৫.৪৭	২৫৯.১৯	৮৭.০১%
৫৮	শরীয়তপুর	২,৫৯৫.৫৪	৯৪	৯৩	২,৪২৪.৩০	১৭১.২৪	৯৩.৪০%
৫৯	শেরপুর	২,৭১১.৫৬	৮৮	৭৯	২,২৭৩.১৫	৪৩৮.৪২	৮৩.৮৩%
৬০	সাতক্ষীরা	৩,৮৯৮.৮২	১১৮	১১৬	৩,৬১৬.২২	২৮২.৬০	৯২.৭৫%
৬১	সিরাজগঞ্জ	২,৮১৮.০৬	১০৩	১০৩	২,৬৮৪.৮০	১৩৩.২৭	৯৫.২৭%
৬২	সিলেট	৫,৯৮৪.৩১	২০৭	১৯৬	৪,৯১৪.৫৬	১,০৬৯.৭৫	৮২.১২%
৬৩	সুনামগঞ্জ	৩,০২৭.৯৮	১১৬	১১৬	২,৮৮৪.৫৫	১৪৩.৪৩	৯৫.২৬%
৬৪	হবিগঞ্জ	৩,৫১৬.৬২	১১৪	১১৩	৩,০৬২.৯৮	৪৫৩.৬৫	৮৭.১০%
	মোট	২৩২,৯৮৬.০৬	৭৫৭৩	৭২৯১	২১০,২৭৭.৮৪	২২,৭০৮.২২	৯০.২৫%



চিত্রঃ ০১ জনাব মোঃ মিজানুর রহমান, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক নরসিংদী জেলার মনোহরদী উপজেলায় নির্মানাধীন সেতু পরিদর্শন।



চিত্রঃ ০২ জনাব মোঃ শফিকুল ইসলাম, প্রকল্প পরিচালক, সেতু/কালভার্ট প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক কক্সবাজার জেলার উখিয়া উপজেলায় নির্মাণাধীন সেতু পরিদর্শন।



চিত্রঃ ০৩ জনাব মোঃ শফিকুল ইসলাম, প্রকল্প পরিচালক, সেতু/কালভার্ট প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বগুড়া জেলার শেরপুর উপজেলায় নির্মিত সেতু পরিদর্শন।



চিত্রঃ ০৪ জনাব মোঃ ইসমাইল হোসনে, উপপ্রকল্প পরিচালক, সেতু/কালভার্ট প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক মাদারীপুর জেলার সদর উপজেলায় নির্মিত সেতু পরিদর্শন।

বন্যা প্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়) শীর্ষক প্রকল্প

৯.২.১ প্রকল্পের তথ্যাবলীঃ

ক্রমিক নং	বিষয়	বিবরণ
১.	প্রাক্কলিত ব্যয়	১৫০৭৪৩.০০ (লক্ষ)
২.	অর্থের উৎস	জিওবি
৩.	বাস্তবায়নকাল	জানুয়ারী/২০১৮ হতে জুন/২০২৩
৪.	মোট প্রস্তাবিত বন্যা আশ্রয়কেন্দ্রের সংখ্যা	৪২৩টি
৫.	প্রতি তলার আয়তন	৩৯৬.০২ বঃ মিঃ/ ৪২৬২.৭৫ বঃ মিঃ
৬.	ভবনের মোট আয়তন	১১৮৮.০৬ বঃ মিঃ/ ১২৭৮৮.২৫ বঃ মিঃ
৭.	প্রকল্পভুক্ত জেলা	৪২ টি
৮.	প্রকল্পভুক্ত উপজেলা	২৪৭ টি
৯.	ভবনের ফাউন্ডেশন	০৩ (তিন) তলা বিশিষ্ট
১০.	ভবন	০৩ (তিন) তলা
১১.	সোলার সিস্টেম ২০০০ ওয়াট প্রতিটি আশ্রয়কেন্দ্রে-০১টি	৪২৩ টি
১২.	ডিপটিউবওয়েল (পাম্পসহ)	০১ টি
১৩.	দুর্যোগ আক্রান্ত মানুষ আশ্রয়ের ব্যবস্থা (প্রতিটি কেন্দ্রে)	৪০০ জন
১৪.	গবাদি পশু আশ্রয়ের ব্যবস্থা (প্রতিটি কেন্দ্রে)	১০০ টি

সম্পাদিত কার্যক্রমসমূহঃ

প্রকল্পের ক্রমপূঞ্জিত বাস্তব অগ্রগতি ৭৪.৩০% এবং আর্থিক অগ্রগতি ৬৪.০৫%। ৩৭৪টি বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণের জন্য চুক্তি সম্পাদিত হয়েছে। ৩৭৪টি বন্যা আশ্রয়কেন্দ্রের নির্মাণ কাজ চলমান আছে। কোভিড-১৯ এর কারণে লক-ডাউন ও নির্মাণ সামগ্রীর স্বল্পতার কারণে প্রকল্পের অগ্রগতি ব্যাহত হয়েছে। ২২০টি বন্যা আশ্রয়কেন্দ্র হস্তান্তর করা হয়েছে, ১৩০টি বন্যা আশ্রয়কেন্দ্র উদ্বোধনের জন্য অপেক্ষমান এবং ১৫৪টি বন্যা আশ্রয়কেন্দ্রের নির্মাণ কাজ চলমান আছে। ৪৯টি বন্যা আশ্রয়কেন্দ্রের ক্রয় প্রক্রিয়া চলমান। গত ২০২২-২০২৩ অর্থবছরে ৫৪.৫০ হাজার বর্গমিটার অবকাঠামো নির্মাণের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে ২২৪৬১.৩৪ লক্ষ টাকা আরএডিপিতে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে ব্যয় ২২৪০৪.৩২৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে। বরাদ্দের ভিত্তিতে অগ্রগতি ৯৯.৭৫%।



চিত্রঃ ০১ ডাঃ মোঃ এনামুর রহমান, এমপি, প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গোপালগঞ্জ জেলার টুংগীপাড়া উপজেলায় দ্বিপল্লী শেখ আবু নাহের মাধ্যমিক বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ কাজ পরিদর্শন। এ সময়ে উপস্থিত ছিলেন প্রকল্প পরিচালক এবং জেলা প্রশাসকসহ অন্যান্য ব্যক্তিবর্গ।



চিত্র-০২ জনাব মোঃ কামরুল হাসান এনডিসি, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার বন্যা আশ্রয়কেন্দ্র পরিদর্শন।



চিত্র-০৩: জনাব মোঃ মিজানুর রহমান, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক গোপালগঞ্জ জেলার বন্যা আশ্রয়কেন্দ্র পরিদর্শন।



চিত্র-০৪ জনাব মোহাম্মদ তাসারফ হোসেন ফরাজী, প্রকল্প পরিচালক কর্তৃক গাজীপুর জেলার কালিগঞ্জ উপজেলার জাংগালিয়া উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়কেন্দ্র পরিদর্শন।



চিত্র-০৫: জাতিসংঘের সহকারী মহাসচিব ও ডি.আর.আর প্রধান মিস ম্যামী মিজুতরী ও জনাব মোঃ কামরুল আহসান, উপপ্রকল্প পরিচালক এবং প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দসহ স্থানীয় অন্যান্য ব্যক্তিবর্গ কর্তৃক কুড়িগ্রাম জেলার সদর উপজেলায় যাত্রাপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা বন্যা আশ্রয়কেন্দ্রের নির্মাণ কাজ পরিদর্শন।



চিত্রঃ বন্যা আক্রান্ত জনগন বন্যা আশ্রয়কেন্দ্রে আশ্রয় গ্রহণ করেছেন।

আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ)

৯.৩.০	প্রকল্পের তথ্য বিবরণী	
৯.৩.১	প্রকল্পের নাম: আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ)	
৯.৩.২	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: (ক) অংশীদারী মন্ত্রণালয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (খ) বাস্তবায়নকারী সংস্থাঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (গ) প্রকল্পের অর্থায়নঃ IDA (World Bank) (ঘ) ঋণ চুক্তি স্বাক্ষরিত: ৩০ জুন ২০১৫ (ঋণ চুক্তি নং: ৫৫৯৯)	
৯.৩.৩	প্রকল্পের বাস্তবায়নকাল: ১লা জুলাই ২০১৫ ইং-অক্টোবর ২০২৩ ইং	
৯.৩.৪	প্রকল্পের প্রাক্কলিত ব্যয়: ১২৩.১৫ কোটি	প্রকল্প সাহায্য: ১১৩.৫০ কোটি
৯.৩.৫	প্রকল্প এলাকা: ঢাকা ও সিলেট।	
৯.৩.৬	প্রকল্পের উদ্দেশ্য: দুর্যোগ (ভূমিকম্প) হ্রাসে কার্যকরী পরিকল্পনা, দুর্যোগ কালীন ব্যবস্থাপনা ও পুনরুদ্ধার কার্যক্রমে সরকারের সক্ষমতা বৃদ্ধি করণ।	
৯.৩.৭	প্রকল্পের মূল কাজ : i) জাতীয় পর্যায়ে Emergency Response and Communication Center (ERCC) এবং National Disaster Management Research and Training Institute (NDMRTI) এর Disaster Risk Management (DRM) সুযোগ সুবিধা (Facilities) সমূহের নকসা প্রস্তুত ও প্রয়োজনীয় যন্ত্রপাতি সংস্থাপন (Out fit) করা। ii) Training Exercise and Drills (TED) এর মাধ্যমে জাতীয় পর্যায়ে ERCC ও NDMRTI এবং ঢাকা ও সিলেট জেলায় স্থানীয় পর্যায়ে সিটি কর্পোরেশন ও Fire Service & Civil Defence (FSCD) এর জরুরী পরিস্থিতি মোকাবেলার ব্যবস্থাপনা ও প্রস্তুতির সক্ষমতা বৃদ্ধি করণের লক্ষ্যে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রদান করা।	
৯.৩.৮	কাজের অগ্রগতি:	
	1. TED (Training, Exercises & Drill) Package No: URP-DDM/S-3.1	আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ) এর অধীনে মোট ৭০০ জন সরকারি কর্মকর্তা-কর্মচারীর প্রশিক্ষণ প্রদানের সংস্থান থাকলেও এ পর্যন্ত মোট ৩৩৬ জনকে REM DTCL পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কোভিড-১৯ পরিস্থিতিতে প্রশিক্ষণ পরিচালনা করা সম্ভব হয়নি। অপরদিকে TED চুক্তিটি ১৮ নভেম্বর ২০২০ এ সমাপ্ত হয়েছে। UNDP এর মাধ্যমে অবশিষ্ট Training Exercise and Drills (TED) Program সম্পন্ন করা হচ্ছে। গত ০৮/০৬/২২ ইং তারিখে UNDP এর সাথে TED Program চুক্তি স্বাক্ষর করা হয়। (১) গত ২৩/০৬/২২ খ্রিঃ তারিখে Training Inception Workshop এ জনাব মোঃ আতিকুল হক মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর সভাপতিত্বে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র Multi Agency Training Workshop আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ কামরুল হাসান এনডিসি, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। উক্ত কর্মশালায় (ডিডিএম, এমওডিএমআর, এফএসসিডি, ডিএনসিসি, ডিএসসিসি, এসসিসি) মোট ১০১ জন কর্মকর্তা উপস্থিত ছিলেন। (২) গত ০৪/০৭/২২ খ্রিঃ তারিখে Training Inception Workshop at DSCC এ জনাব ড.এ.টি.এম মাহবুব-উল করিম, প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্প, এর সভাপতিত্বে একটি কর্মশালায় আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব ফরিদ আহমেদ, প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। উক্ত কর্মশালায় (ডিএসসিসি) মোট ৬৬ জন কর্মকর্তা উপস্থিত ছিলেন। (৩) গত ০৫/০৭/২২ খ্রিঃ তারিখে Training Inception Workshop at DDM এ জনাব ড.এ.টি.এম মাহবুব-উল করিম, প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্প এর সভাপতিত্বে অধিদপ্তরের সম্মেলন কক্ষে একটি কর্মশালায় আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি

হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আতিকুল হক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। উক্ত কর্মশালায় মোট ৪৯ জন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

- প্যাকেজ-৫ লট-১ এর আওতায় বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সে সরবরাহের নিমিত্ত ন্যূনতম ৬৪ মিটারের ২টি এরিয়াল প্লাটফর্ম ল্যাডার ও ন্যূনতম ৫৪ মিটারে ৪টি এরিয়াল প্লাটফর্ম ল্যাডার ক্রয়ের জন্য বাংলাদেশ মেশিন টুল্‌স ফ্যাক্টরি (BMTF)-কে ক্রয়াদেশ প্রদান করা হয়েছে;
- প্যাকেজ-৬ লট-১ এর আওতায় বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সে সরবরাহের নিমিত্ত ন্যূনতম ৩৮ মিটারের ৫টি এরিয়াল প্লাটফর্ম ল্যাডার ক্রয়ের জন্য বাংলাদেশ মেশিন টুল্‌স ফ্যাক্টরি (BMTF)-কে ক্রয়াদেশ প্রদান করা হয়েছে;
- প্যাকেজ-১৯ লট-১ এর আওতায় সাইক্লোন প্রিপেয়ার্ডনেস প্রোগ্রাম (সিপিপি) এর স্বেচ্ছাসেবকদের জন্য ভেস্ট, রেইন কোর্ট, হার্ড হ্যাট, গাম বুট, লাইফ জ্যাকেট সরবরাহের নিমিত্ত বাংলাদেশ মেশিন টুল্‌স ফ্যাক্টরি (BMTF)-কে ক্রয়াদেশ প্রদান করা হয়, ইতোমধ্যে তা সাইক্লোন প্রিপেয়ার্ডনেস প্রোগ্রাম (সিপিপি)-এর নিকট হস্তান্তর করা হয়েছে;
- প্যাকেজ-১৮ লট-১ এর আওতায় সাইক্লোন প্রিপেয়ার্ডনেস প্রোগ্রাম (সিপিপি) এর স্বেচ্ছাসেবকদের জন্য Rescue Item, Primary Treatment Accessories এবং Personal Safety Gear সরবরাহের নিমিত্ত ক্রয় প্রক্রিয়া চলমান রয়েছে।



চিত্র-০১ ডাঃ মোঃ এনামুর রহমান, এম.পি, প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)-এর পরিচালকের কাছে গামবুট হস্তান্তর।



চিত্র-০২ ডাঃ মোঃ এনামুর রহমান, এম.পি, প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)-এর পরিচালকের কাছে হার্ড হ্যাট হস্তান্তর।



চিত্র-০৩ ডাঃ মোঃ এনামুর রহমান, এম.পি, প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)-এর পরিচালকের কাছে রেইন কোট হস্তান্তর।



চিত্র-০৪ ডাঃ মোঃ এনামুর রহমান, এম.পি, প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)-এর পরিচালকের কাছে ভেস্ট হস্তান্তর করেন।

Development of Local Flood Early Warning and Dissemination System (PROVATi3)
Project-DDM Component)

প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট কর্তৃক “স্থানীয় পর্যায়ে বন্যার আগাম সতর্কবার্তা ও প্রচার ব্যবস্থার উন্নয়ন” শীর্ষক প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের তত্ত্বাবধায়নে IFAD এর অর্থায়নে ও RIMES এর কারিগরি সহযোগিতায় এই প্রকল্প কুড়িগ্রাম, গাইবান্ধা ও জামালপুর জেলার বন্যা প্রবণ ১৯টি উপজেলায় বাস্তবায়ন করা হচ্ছে। এই প্রকল্পের মাধ্যমে বন্যার ঝুঁকিপূর্ণ এলাকায় পূর্বাভাস ও আগাম সতর্কবার্তা প্রচার করে আগাম সতর্কবার্তা এবং পূর্ব প্রস্তুতির মাধ্যমে গ্রামীণ অবকাঠামোর সক্ষমতা বৃদ্ধি এবং জানমালের ক্ষয়ক্ষতি হ্রাসে কাজ করা হবে। এই প্রকল্পের আওতায় আগাম সতর্কবার্তা প্রস্তুতের জন্য নদীতে পানি সমতল গেজ এবং প্লাবন মানচিত্র প্রস্তুতের জন্য LiDAR ডোন ব্যবহার করে প্রকল্প এলাকার ভূমিরূপ তথ্য সংগ্রহ করে Digital Elevation Model (DEM) তৈরি করা হবে। প্রাপ্ত DEM ডাটা ও FFWC হতে প্রাপ্ত নদীর পানি সমতলের তথ্য কাজে লাগিয়ে বন্যা মৌসুমে প্লাবন মানচিত্র তৈরি করা হবে এবং নদী তীরবর্তী এলাকায় প্লাবন গেজ (inundation gauge) স্থাপন করা হবে যা প্লাবন মানচিত্রের মানোন্নয়নে ব্যবহৃত হবে। প্রাপ্ত তথ্য উপাত্তের উপর ভিত্তি করে বন্যার আগাম সতর্কবার্তা প্রস্তুত করে তা ভয়েস মেসেজের মাধ্যমে প্রায় ২০,০০০ (বিশ হাজার) মানুষের কাছে তাৎক্ষণিকভাবে পৌঁছে দেওয়া সম্ভব হবে। এছাড়াও ডিজিটাল ডিসপ্লে বোর্ড, ইমেইল ও অন্যান্য মাধ্যমে বন্যার আগাম সতর্কবার্তা কমিউনিটি পর্যায়ে পৌঁছে দেওয়ার জন্য কর্মকান্ড পরিচালিত হবে। এই প্রকল্পের আওতায় আগাম সতর্কবার্তা প্রচারের পাশাপাশি জাতীয় ও স্থানীয় পর্যায়ে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ ও সচেতনতা বৃদ্ধিমূলক কর্মকান্ড গ্রহণ করা হবে।


৯.১০.০ ২০২২-২৩ অর্থ বছরে প্রকল্পের কার্যক্রমসমূহ

- **বেজলাইন সার্ভে:** প্রকল্প এলাকার ৩টি জেলার ১৯টি উপজেলার ১৭৪টি ইয়নিয়নে মে ও জুন ২০২২ এ বেজলাইন সার্ভে পরিচালিত হয়েছে। স্থানীয় জনগোষ্ঠীর বর্তমান বন্যা ও বন্যা পূর্বাভাস পরিস্থিতি, বন্যার ফলে সৃষ্ট ক্ষয়ক্ষতি, বন্যা মোকাবিলায় তাদের দক্ষতা ও ভবিষ্যৎ বন্যা পূর্বাভাস প্রাপ্তির ক্ষেত্রে প্রয়োজনীয় প্রচার মাধ্যম এ সম্পর্কিত তথ্য জরিপের মাধ্যমে সংগ্রহ করা হয় এবং এ সকল তথ্যের ভিত্তিতে একটি বেজলাইন রিপোর্ট প্রস্তুত করা হয়।



চিত্র ১: গাইবান্ধা জেলার সাঘাটায় (বামে) ও কুড়িগ্রাম জেলার উলিপুর্নে (ডানে) পরিচালিত বেজলাইন সার্ভে।

- **বার্ষিক অগ্রগতি অবহিতকরণ কর্মশালাঃ** গত ৫ এপ্রিল ২০২৩ প্যানপ্যাসিফিক সোনারগাঁও হোটেলে প্রকল্পের বার্ষিক অগ্রগতি কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, মন্ত্রণালয়ের সম্মানিত সচিব, অধিদপ্তরের মহাপরিচালক সহ অনুষ্ঠানে সরকারি, বেসরকারি ও সংশ্লিষ্ট এনজিওর প্রতিনিধিগণ উপস্থিত থেকে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে তাদের সুচিন্তিত মতামত প্রদান করেন। উক্ত অনুষ্ঠানে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি পোর্টাল উদ্বোধন করা হয়।



চিত্রঃ : ০২ কর্মশালায় উপস্থিত আছেন প্রতিমন্ত্রী ডাঃ এনামুর রহমান এম.পি ও সচিব মোঃ কামরুল হাসান এনডিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং জনাব মোঃ মিজানুর রহমান, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

প্রশিক্ষণ কর্মশালাঃ ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধির জন্য প্রকল্প এলাকার ৮টি উপজেলায় (কুড়িগ্রাম জেলার রৌমারি, গাইবান্ধা জেলার ফুলছড়ি, সাঘাটা, সাদুল্লাপুর ও সদর উপজেলা, ও জামালপুর জেলার ইসলামপুর, দেওয়ানগঞ্জ ও মেলান্দহ) বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং জামালপুর জেলায় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ডাটাবেজ পোর্টাল এর উপর সকল উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও পৌর নির্বাহী কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়।



চিত্রঃ০৩ গাইবান্ধার সাঘাটা (বামে) এবং (ডানে) জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলায় জেলায় অনুষ্ঠিত বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা।



চিত্র ৪: জামালপুর জেলায় সদর উপজেলার টেকনিক্যাল ট্রেনিং সেন্টারে প্রভাতী প্রকল্পের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ডাটাবেজ পোর্টাল প্রশিক্ষণ কর্মশালা।

সর্বাধিক বিপদাপন্ন ইউনিয়ন নির্বাচনঃ বন্যার পানির উচ্চতা, পুনরাবৃত্তি ও ক্ষয়ক্ষতির পরিমানের উপর ভিত্তি করে স্থানীয় প্রশাসন ও জনগণের সাথে পরামর্শর সাপেক্ষে স্কোরিং করে ৬১টি সর্বাধিক বিপদাপন্ন ইউনিয়ন নির্বাচন করা হয়।



চিত্র ৫: গাইবান্ধা জেলায় বিপদাপন্ন ইউনিয়ন নির্বাচনের জন্য অনুষ্ঠিত পরামর্শ সভা।

স্বোন সার্ভেঃ প্লাবন মানচিত্র তৈরির উদ্দেশ্যে ভূমি রূপের তথ্য সংগ্রহের জন্য প্রকল্প এলাকায় অতি বিপদাপন্ন ইউনিয়নসমূহে ডিসেম্বর ২০২২ থেকে ভূমি রূপ তথ্য জরিপের কাজ শুরু হয়েছে। ইতোমধ্যে গাইবান্ধা ভূমি রূপ তথ্য সংগ্রহের কাজ সম্পন্ন হয়েছে এবং জামালপুর জেলার কাজ চলমান আছে। গত জুন মাস থেকে এখন পর্যন্ত (৭০৩ বঃ কিমিঃ) ভূমি রূপ তথ্য সংগ্রহ করা হয়েছে।



চিত্রঃ ০৬ প্রভাতী প্রকল্পের অধীনে গাইবান্ধা জেলায় LiDAR সেন্সার ও ড্রোন ব্যবহারের মাধ্যমে পরিচালিত ভূস্থানিক জরিপ।

- পানি সমতল গেজ স্থাপন এবং বিপদসীমা নির্ধারণঃ প্রকল্প এলাকার কুড়িগ্রাম জেলার রাজিবপুর এবং গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ এবং সদর উপজেলায় নদীর পানি সমতল গেজ স্থাপন ও বিপদসীমা নির্ধারণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়।



চিত্রঃ ০৭ গাইবান্ধা জেলার সদর উপজেলায় নদীর পানি সমতল গেজ স্থাপন বিষয়ক মতমিনিময় সভা।

Technical Advisory কমিটির সভাঃ প্রকল্পের অগ্রগতি, কারিগরি বিষয়ক পরামর্শ এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য নিয়মিতভাবে Technical Advisory কমিটির সভা অনুষ্ঠিত হয় ।



চিত্র ০৮: প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও প্রকল্প বিষয়ক বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণের জন্য Technical Advisory কমিটির সভা।

The Project for Capacity Enhancement on Formulation and Implementation of Local Disaster Risk Reduction Plan (LDRRP)

৯.১১.০

প্রকল্পের তথ্যাবলিঃ

৯.১১.১	প্রকল্পের নাম	The Project for Capacity Enhancement on Formulation and Implementation of Local Disaster Risk Reduction Plan (LDRRP) জুন ২০২১ থেকে জুলাই ২০২৫ সাল পর্যন্ত।
৯.১১.২	প্রকল্পের মেয়াদ	৩৯৬৮. ৯৬ লক্ষ টাকা (জিওবি: ৬৮৪.৭৪ লক্ষ এবং পিএ: ৩২৮৪.২২ লক্ষ টাকা) BD Govt. and JICA.
৯.১১.৩	প্রকল্পের মোট বরাদ্দ	জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (JICA) এর সাথে অংশীদারিত্বে, দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ স্থানীয় দুর্যোগ ঝুঁকি হ্রাস পরিকল্পনা (CEFI-LDRRP) প্রণয়ন এবং বাস্তবায়নে সক্ষমতা বৃদ্ধি তথা যথাযথ বিনিয়োগের মাধ্যমে কার্যকরভাবে দুর্যোগ ঝুঁকি প্রশমিত করার পদ্ধতি প্রতিষ্ঠা করা বিশেষ করে স্থানীয় পর্যায়ে দুর্যোগ ঝুঁকি হ্রাস পরিকল্পনা ও বাস্তবায়নে ক্ষমতা জোরদার করা।
৯.১১.৪	বরাদ্দের উৎস	Department of Disaster Management (DDM), Bangladesh Water Development Board (BWDB), Local Government Engineering Department (LGED), Fire Service & Civil Defense (FSCD), Public Works Department (PWD), Department of Agriculture Department (DAE), Bangladesh Metrological Department (BMD), Geological Survey in Bangladesh (GSB), Survey of Bangladesh (SOB), Department of Public Health & Engineering(DPHE) and Local Government Institutes/Departments of Pilot Districts and Upazilas
৯.১১.৫	প্রকল্পের উদ্দেশ্য	
৯.১১.৬	প্রকল্পে জড়িত সংস্থা	

ভৌত অগ্রগতিঃ

- গত ৮ই সেপ্টেম্বর ও ১৭ই নভেম্বর ২০২২ এবং ১৩ই মার্চ ও ২৪শে মে ২০২৩ইং তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ত্রাণ মন্ত্রণালয় সম্মেলন কক্ষ, বাংলাদেশ সচিবালয়, প্রকল্পের কর্ণধার কমিটির (Project Steering Committee Meeting) মোট তৃতীয়, চতুর্থ, ৫ম ও ৬ষ্ঠ সভা সরাসরি এবং ভার্চুয়ালী অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ কামরুল হাসান, এনডিসি, মাননীয় সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। উক্ত সভায় জাইকার প্রতিনিধিসহ বিভিন্ন মন্ত্রণালয় এবং দপ্তর/অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।
- গত ২৭শে অক্টোবর ২০২২ ও ২৯শে মে, ২০২৩ইং তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষ, ঢাকা প্রকল্পের জয়েন্ট কো-অর্ডিনেশন কমিটি (জেসিসি) সভা অনুষ্ঠিত হয়। ২৭শে অক্টোবর ২০২২ তারিখের সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আতিকুল হক এবং ২৯শে মে, ২০২৩ইং তারিখের সভায় জনাব মোঃ মিজানুর রহমান, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। উক্ত সভায় জাইকার প্রতিনিধিসহ বিভিন্ন দপ্তর ও অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।
- গত ২৩ ও ২৫শে আগস্ট ২০২২ এবং ১৯ ও ২০শে অক্টোবর ২০২২ইং তারিখে কক্সবাজার জেলার কক্সবাজার সদর ও চকরিয়া উপজেলায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ, স্থানীয় গন্যমান্য ব্যক্তি ও সাংবাদিকদেরকে নিয়ে “দুর্যোগ ঝুঁকি নিরূপন, বিশ্লেষণ এবং পাল্টা ব্যবস্থা নির্ধারণ” বিষয়ক ২য় এবং ৩য় কর্মশালা” উপজেলা পরিষদ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন যথাক্রমে জনাব মোহাম্মাদ জাকারিয়া, উপজেলা নির্বাহী কর্মকর্তা, কক্সবাজার সদর উপজেলা এবং জনাব জেপি দেওয়ান, উপজেলা নির্বাহী কর্মকর্তা, চকরিয়া উপজেলা। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার (যুগ্ম সচিব), পরিচালক, প্রশাসন (অতি: দায়িত্ব-পরিকল্পনা ও উন্নয়ন) ও প্রকল্প পরিচালক- LDRRP প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মাদ শফিউর রহমান (উপসচিব), উপপরিচালক (প্রশাসন-২), এবং প্রকল্প ব্যবস্থাপক LDRRP প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এবং জাইকা এক্সপার্ট টীমের প্রতিনিধিবৃন্দ।

■ পাশাপাশি গত ০৮ ও ০৯ই নভেম্বর ২০২২ইং তারিখে সুনামগঞ্জ জেলার ছাতক ও জগন্নাথপুর উপজেলায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ, স্থানীয় গন্যমান্য ব্যক্তি ও সাংবাদিকদেরকে নিয়ে “দুর্যোগ ঝুঁকি নিরূপন, বিশ্লেষণ এবং পাল্টা ব্যবস্থা নির্ধারণ” বিষয়ক ১ম কর্মশালা” উপজেলা পরিষদ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন যথাক্রমে জনাব নুরের জামান, উপজেলা নির্বাহী কর্মকর্তা, ছাতক উপজেলা এবং মো: সাজেদুল ইসলাম, উপজেলা নির্বাহী কর্মকর্তা, জগন্নাথপুর উপজেলা। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার (যুগ্ম সচিব), পরিচালক, প্রশাসন (অতি: দায়িত্ব-পরিকল্পনা ও উন্নয়ন) এবং প্রকল্প পরিচালক- LDRRP প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ শফিউর রহমান (উপসচিব), উপপরিচালক (প্রশাসন-২), ও প্রকল্প ব্যবস্থাপক LDRRP প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এবং জাইকা এক্সপার্ট টিমের প্রতিনিধিবৃন্দ।

পাশাপাশি গত ০৬ ও ৭ই ফেব্রুয়ারী ২০২৩ইং তারিখে সুনামগঞ্জ জেলার ছাতক ও জগন্নাথপুর উপজেলায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ, স্থানীয় গন্যমান্য ব্যক্তি ও সাংবাদিকদেরকে নিয়ে “দুর্যোগ ঝুঁকি নিরূপন, বিশ্লেষণ এবং পাল্টা ব্যবস্থা নির্ধারণ” বিষয়ক ২য় কর্মশালা” উপজেলা পরিষদ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ ফিরোজ উদ্দিন, (যুগ্ম সচিব), পরিচালক, (পরিকল্পনা ও উন্নয়ন) এবং প্রকল্প পরিচালক- LDRRP প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আবু ইউছুফ মোহাম্মদ রাসেল, (উপসচিব), পরিকল্পনা-৩, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং জাইকা এক্সপার্ট টিমের প্রতিনিধিবৃন্দ।

■ টিএপিপি এর আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, দপ্তর/অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে কেন্দ্রীয় স্তরে টেকনিক্যাল সাব-কমিটি (টিএসসি) এবং উপজেলা পর্যায়ে (SoD আলোকে) উপজেলা সাব-কমিটি (ইউজেডএসসি) গঠন করা হয়েছে। উক্ত কমিটির সদস্যদেরকে নিয়ে দ্বিমাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তথ্য/উপাত্ত সমূহ নিয়ে সভা তথা বিশ্লেষণ করা হয়েছে যা UzDRRP তৈরীতে ব্যবহার করা হচ্ছে।

■ Annual Performance Agreement (APA) এর আওতায় কক্সবাজার জেলার ২টি পাইলট উপজেলা (কক্সবাজার সদর ও চকরিয়া) এবং সুনামগঞ্জ জেলার ২টি পাইলট উপজেলা (ছাতক ও জগন্নাথপুর) অনুষ্ঠিতব্য “দুর্যোগ ঝুঁকি নিরূপন, বিশ্লেষণ এবং পাল্টা ব্যবস্থা নির্ধারণ” বিষয়ক কর্মশালা, মাঠ জরিপ এবং সরকারী বিভিন্ন দপ্তর/বিভাগ থেকে প্রাপ্ত তথ্য ও উপাত্ত সমূহের উপর ভিত্তি করে উপজেলা ভিত্তিক চারটি প্রতিবেদন এবং দুর্যোগ ঝুঁকি মানচিত্র প্রকল্প পরিচালক- LDRRP প্রকল্প এর মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে জমা দেয়া হয়েছে।

■ LDRRP project এর আওতায় জাইকার অর্থায়নে দ্বিতীয় ধাপের প্রশিক্ষণ আগামী ০৩ থেকে ১৪ই জুলাই/২০২৩ মাসে জাপানে অনুষ্ঠিত হওয়ার পরিকল্পনা গ্রহন করা হয়েছে। তদানুযায়ী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক একটি প্রাথমিক মনোনয়ন তালিকা প্রস্তুতবনা আলোকে চূড়ান্তকরণ তথা জিও ইস্যু এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে এবং যা প্রক্রিয়াধীন আছে।

■ The mechanism is developed to expand the formulation of UzDRRPs Nationwide/ উপজেলা দুর্যোগ ঝুঁকি হ্রাস পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কার্যক্রম দেশব্যাপি সম্প্রসারণের লক্ষ্যে গত ২৩ই মে/২০২৩ইং তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম) ঢাকায় অনুষ্ঠিত দুর্যোগ ব্যবস্থাপনা ও গণ সচেতনতামূলক টাঙ্কফোর্স সভায় “ডিআরআর এবং দুর্যোগ ঝুঁকি হ্রাস পরিকল্পনা প্রণয়ন” বিষয়ক প্রাথমিক প্রশিক্ষণ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম) এর ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করার প্রস্তাব মিটিং রেজুলেশন (Resolution) আকারে গৃহীত হয়েছে।

■ গত ২৭শে ফেব্রুয়ারী, ২০২৩ইং তারিখে জাইকা এক্সপার্ট টিম এর প্রতিনিধি এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে কক্সবাজার পৌরসভার কর্মকর্তাদের সাথে পৌর সম্মেলন কক্ষে LDRRP প্রকল্প তথা কর্মশালা ও মাঠ জরিপ থেকে প্রাপ্ত তথ্য ও উপাত্ত সমূহ নিয়ে একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

■ গত ১১ই মে, ২০২৩ইং তারিখে টেকনিক্যাল সাব-কমিটির (টিএসসি) ২য় সভা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর , ঢাকা অনুষ্ঠিত হয়, সভায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়, দপ্তর/অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত সভায় “দুর্যোগ ঝুঁকি নিরূপন, বিশ্লেষণ এবং পাল্টা ব্যবস্থা নির্ধারণ” কর্মশালা, মাঠ জরিপ এবং সরকারী বিভিন্ন দপ্তর/বিভাগ থেকে প্রাপ্ত তথ্য ও উপাত্ত সমূহ বিশ্লেষণের পাশাপাশি

টিএসসি এর দায়-দায়িত্ব এবং কর্মপন্থা নির্ধারন করা হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব ফিরোজ উদ্দিন, (অতি: সচিব), পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এবং প্রকল্প পরিচালক- LDRRP প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

■ গত ১০ ডিসেম্বর ২০২২ইং এবং ২২শে মে, ২০২৩ইং তারিখে WG2 এবং WG1 এর সদস্য এবং জাইকা এক্সপার্ট টিম এর প্রতিনিধিগণের সমন্বয়ে “দুর্যোগ ঝুঁকি নিরূপন, বিশ্লেষণ এবং পাল্টা ব্যবস্থা নির্ধারন” বিষয়ক কর্মশালা, মাঠ জরিপ এবং সরকারী বিভিন্ন দপ্তর/বিভাগ থেকে প্রাপ্ত তথ্য ও উপাত্ত সমূহ বিশেষ করে প্রকল্পের কারিগরি দিক নিয়ে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মিনি কনফারেন্স রুম, ঢাকা বিশেষ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন যথাক্রমে জনাব নিশ্চিত্ত কুমার পোদ্দার (যুগ্ম সচিব), পরিচালক প্রশাসন (অতি: দায়িত্ব-পরিকল্পনা ও উন্নয়ন) এবং প্রকল্প পরিচালক- LDRRP এবং জনাব নিতাই দে সরকার, পরিচালক, (এমআইএম), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

■ ডিডিএম সংশ্লিষ্ট বিভিন্ন কর্মকর্তাগণকে সম্পৃক্ত করে দুর্যোগ ঝুঁকি প্রশমন সংক্রান্ত জ্ঞান ও দক্ষতা যাচাই এর লক্ষ্যে একটি স্বতন্ত্র মূল্যায়ন জরিপ কার্যক্রম পরিচালনা করা হয়েছে। উক্ত কার্যক্রম থেকে প্রাপ্ত তথ্য ও উপাত্ত বিশ্লেষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হচ্ছে।

■ পাশাপাশি প্রকল্প কার্যক্রমকে সারা দেশব্যাপী ছড়িয়ে দেয়ার লক্ষ্যে প্রতিটি জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণকে সম্পৃক্ত করে প্রতিটি উপজেলার স্থানীয় দুর্যোগ ঝুঁকি চিহ্নিতকরণ এবং পরবর্তী পদক্ষেপ গ্রহনের লক্ষ্যে একটি জরিপ কার্যক্রম পরিচালনা করা হয়। উক্ত কার্যক্রম থেকে প্রাপ্ত তথ্য ও উপাত্তসমূহ বিশ্লেষণ পরবর্তী UzDRRP প্রনয়ণ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হচ্ছে।

■ JICA Expert Team এর সদস্যগণ দুর্যোগ ঝুঁকি হ্রাস সংক্রান্ত বিভিন্ন তথ্য ও উপাত্ত সংগ্রহের জন্য কক্সবাজার, কুড়িগ্রাম ও সুনামগঞ্জ জেলাধীন বিভিন্ন উপজেলা ভ্রমণ করেছেন এবং সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর ও অধিদপ্তরের সাথে অনানুষ্ঠানিক সভা ও সাক্ষাত চলমান আছে।

■ প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা প্রদানের লক্ষ্যে সুনামগঞ্জ জেলার দুটি পাইলট উপজেলার (ছাতক ও জগন্নাথপুর) জন্য উপ-পরামর্শক/উন্নয়ন সহযোগি (Sub-Consultant/Partner NGO) হিসেবে সানক্রেড ওয়েলফেয়ার ফাউন্ডেশন (SWF) কে নিযুক্ত করা হয়েছে।

২০২২-২০২৩ অর্থ বছরের আর্থিক ও ভৌত অগ্রগতি (লক্ষ টাকায়):

মোট বরাদ্দ			আরএডিপি			মোট ব্যয়		আর্থিক অগ্রগতির হার (২২-২৩)			প্রকল্পের ক্রমপূজিত আর্থিক অগ্রগতির হার (%)	প্রকল্পের ক্রমপূজিত ভৌত অগ্রগতির হার (%)
মোট	জিওবি	প্রজেক্ট এইড (পিএ)	জিওবি	প্রজেক্ট এইড (পিএ)	মোট	জিওবি	পিএ	মোট				
৫৭৯.০০	১৫০.০০	৪২৯.০০	৭১.০০	৪২৯.০০	৫০০.০০	৬৩.৯৬	৪২৯.০০	৪৯২.৯৬	৯৮.৫৯%	২৩.৮১%	২৫.৮০%	



চিত্রঃ ০১ প্রকল্পের জয়েন্ট কো-অর্ডিনেশন কমিটি (জেসিসি) মিটিং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আতিকুল হক, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। সভায় উপস্থিত ছিলেন প্রকল্প পরিচালক জনাব নিশ্চিন্ত কুমার পোদ্দার এবং জাইকা প্রতিনিধিসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



চিত্রঃ-০৩ ২০২২-২৩ অর্থবছরে প্রভাতী প্রকল্প-ডিডিএমঅংশের কার্যক্রমের তথ্য।



চিত্রঃ ০৪ “দুর্যোগ ঝুঁকি নিরূপন, বিশ্লেষণ এবং পাল্টা ব্যবস্থা নির্ধারণ” বিষয়ক ২য় কর্মশালা উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি কক্সবাজার সদর এবং চকরিয়ায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সংশ্লিষ্ট UNO গণ। উক্ত কর্মশালায় প্রধান অতিথি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রকল্প পরিচালক LDRRP, প্রকল্প ব্যবস্থাপক এবং জাইকার প্রতিনিধি।

ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রাম (এনআরপি) ডিডিএম অংশ

৯.১২.০ প্রকল্পের তথ্যাবলিঃ

প্রকল্পের শিরোনামঃ ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রাম (এনআরপি): ডিডিএম অংশ।

প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ ৩৬১৯.৩২ লক্ষ টাকা। [প্র: সা: ৩২৬০.৯৪ লক্ষ টাকা এবং জিওবি: ৩৫৮.৩৮ লক্ষ টাকা]

বাস্তবায়নকালঃ প্রকল্প মেয়াদঃ জানুয়ারী ২০১৮ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।

টেকসই উন্নয়নের জন্য দুর্যোগ সহনশীলতার (রেজিলিয়েন্স) গুরুত্ব অনুধাবন করে ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রাম (এনআরপি) শীর্ষক একটি সমন্বিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে। চারটি মন্ত্রণালয়ের সমন্বয়ে এই কর্মসূচির আওতায় প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক, জেন্ডার রেসপন্সিভ এবং ঝুঁকি অবহিতিমূলক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের কৌশল ও টুলস উন্নয়ন ও বাস্তবায়ন এই কর্মসূচির মূল উদ্দেশ্য।


৯.১২.১ ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রাম (এনআরপি): ডিডিএম অংশের উদ্দেশ্যঃ

- দুর্যোগ ঝুঁকি হ্রাসে সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন ও সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন মনিটরিং দক্ষতা বৃদ্ধির জন্য অ্যাডভোকেসী করা;
- প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক ও জেন্ডার রেসপন্সিভ দুর্যোগ ব্যবস্থাপনায় পুনঃপুনঃ ঘটে এমন এবং বড় মাত্রার দুর্যোগ মোকাবিলায় প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রমের মাধ্যমে জাতীয় সক্ষমতা বৃদ্ধি (উর্ধ্বতন কর্মকর্তাদের প্রশিক্ষণ);
- দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনায় স্থানীয় পর্যায়ে জনগোষ্ঠীর প্রস্তুতি, সাড়া দান ও পুনরুদ্ধারের দক্ষতা বৃদ্ধি।

৯.১২.২ ২০২১-২০২২ অর্থ-বছরে প্রকল্পের অগ্রগতিঃ

সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন ও সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন মনিটরিং সিস্টেম গঠনঃ

“ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রাম (এনআরপি): ডিডিএম অংশ” প্রকল্প দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন ও সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন মনিটরিং ও রিপোর্টিং সিস্টেম গঠনে সহযোগিতা করেছে। প্রতিবেদন সময়কালে দুর্যোগ ঝুঁকি হ্রাসে সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন ও সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন মনিটরিং বিষয়ক কারিগরি দিক নির্দেশনা ও দক্ষতা বৃদ্ধির জন্য এ সংক্রান্ত কারিগরি কমিটিকে সার্বিক সহযোগিতা করা হয়। সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়নের মিড-টার্ম রিভিউ-এর জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে রোডম্যাপ প্রণয়নসহ ও তথ্য সংগ্রহে সহযোগিতা প্রদান করা হয়। এছাড়াও সেন্দাই ফ্রেমওয়ার্ক মনিটরে লক্ষ্য অনুযায়ী তথ্য আপলোডের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশকরণে কারিগরি সহযোগিতা প্রদান করা হয়। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ২৫ জন স্টাফদের “সেন্দাই কর্মকাঠামো বাস্তবায়ন, মনিটরিং ও রিপোর্টিং” বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। এপর্যন্ত সেন্দাই ফ্রেমওয়ার্ক মনিটরিং ও রিপোর্টিং সিস্টেম প্রতিষ্ঠা এবং রিপোর্টিং দক্ষতা বৃদ্ধির জন্য কাস্টমাইজড মনিটরিং ফ্রেমওয়ার্ক তৈরি করা হয়েছে। সংশ্লিষ্ট বিষয়ে সংসদীয় কমিটির অংশগ্রহণে ১টি সেমিনার এবং ২ টি কর্মশালা ও প্রশিক্ষণের মাধ্যমে প্রায় ৩০০ জনকে এবিষয়ে অবহিত করা হয়েছে। এছাড়াও সেন্দাই ফ্রেমওয়ার্ক মনিটরে লক্ষ্য অনুযায়ী তথ্য আপলোডের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশকরণে কারিগরি সহযোগিতা প্রদান করা হয়। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে প্রাপ্ত ১৯৭০ হতে ২০২০ সালের বিভিন্ন দুর্যোগে ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও সমন্বয় করে উক্ত তথ্য ভেলিডেশনের মাধ্যমে সেন্দাই ফ্রেমওয়ার্ক মনিটরে আপলোড করা হয়।



চিত্রঃ ০১ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে 'ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)'র ৫০ বছরে পদার্পণ ও আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে 'দুর্যোগ সহনশীল বাংলাদেশ বিনির্মাণে শেখ হাসিনা' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন করেন।



চিত্রঃ ০২ ডাঃ মোঃ এনামুর রহমান এম.পি, প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, জনাব মোঃ কামরুল হাসান এনডিসি, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) এনআরপি: ডিডিএম এবং অন্যান্যদের অংশগ্রহণে 'জিপিডিআরআর' এ অংশগ্রহণপূর্ব প্রস্তুতিমূলক সভা।



চিত্রঃ ০৩ জনাব মোঃ আতিকুল হক, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর উপস্থিতিতে সেন্দাই কর্মকাঠামো বাস্তবায়ন, মনিটরিং ও রিপোর্টিং বিষয়ক প্রশিক্ষণ।

৯.১২.৩ প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক, জেন্ডার রেসপন্সিভ এবং ঝুঁকি অবহিতিমূলক জাতীয় নীতিমালা ও স্ট্র্যাটেজি প্রণয়ন ও বাস্তবায়নে সহযোগিতাঃ

প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক দুর্যোগঝুঁকি হ্রাস কর্মসূচির আওতায় এসওডি ২০১৯ এর আলোকে স্থানীয় পর্যায়ে বিভিন্ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কর্তব্য সংক্রান্ত সংক্ষিপ্ত প্রকাশনা ও প্রচারণা করা হয়। জাতীয় রিকভারি স্ট্র্যাটেজি (খসড়া) প্রণয়নে সহযোগিতা করা হয়।

২০২১ সালের ১৩ অক্টোবর ছিল আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবসে ‘দুর্যোগ ঝুঁকি হ্রাসে, কাজ করি এক সাথে’- এই প্রতিপাদ্যকে নিয়ে দিনটি উদযাপন করা হয়। দিবসটি উদযাপন উপলক্ষে দুর্যোগ সহনশীল বাংলাদেশ বিনির্মাণে সরকারের ভূমিকা সংক্রান্ত (“দুর্যোগ সহনশীল বাংলাদেশ বিনির্মাণে শেখ হাসিনা” শীর্ষক প্রকাশনা) প্রকাশনা ও প্রচার মাধ্যমে উপস্থাপনে সহযোগিতা প্রদান করা হয়।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে জিপিডিআরআর এ অংশগ্রহণ ও বাংলাদেশের অবস্থান উপস্থাপনে কারিগরি সহযোগিতা প্রদান করা হয়। পাশাপাশি Disaster Response Exercise and Exchange (DREE) এবং COP 26 সম্মেলনে অংশগ্রহণ প্রস্তুতিতে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে কারিগরি সহযোগিতা প্রদান করা হয়। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NEOC প্রতিষ্ঠা বিষয়ক সভায় সংশ্লিষ্ট ধারণাপত্র, জাতীয় পর্যায়ে সেমিনারে এসডিজি অর্জনে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অবদান তুলে ধরতে এবং জাতীয় স্বেচ্ছাসেবক নীতিমালা পর্যালোচনা ও সংশোধনে এ কারিগরি সহযোগিতা প্রদান করা হয়।

৯.১২.৪ ফ্লাড প্রিপেয়ার্ডনেস প্রোগ্রাম (FPP):

ফ্লাড প্রিপেয়ার্ডনেস প্রোগ্রামে পানির নিমজ্জন মাত্রার ভিত্তিতে বন্যার আগাম সতর্কবার্তা প্রচারের জন্য সংকেত (লাল ও হলুদ রং এর পতাকা) পাইলটিং এর জন্য তৈরী করা হয়। এর আওতায় ডাইনামিক ফ্লাড রিস্ক মডেল হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে পতাকার মাধ্যমে কুড়িগ্রাম ও জামালপুরের ৬টি ইউনিয়নে বন্যা সতর্কবার্তা ও সংকেত প্রচার করা হয়। এর ফলশ্রুতিতে বন্যা সতর্কবার্তা সহজে মানুষের দোরগোড়ায় পৌঁছানো সম্ভব হয়। এই মডেলটি প্রাতিষ্ঠানিকীকরণের জন্য FFWC, BMD ও অন্যান্য পার্টনারদের কনসালটেশন করা হয়। প্রশিক্ষিত স্বেচ্ছাসেবকদের বন্যার প্রস্তুতি ও মোকাবিলায় সতর্কবার্তা প্রচারের জন্য সহায়ক হালকা উদ্ধার ও সন্ধান সামগ্রী বিতরণ করা হয়েছে।

সাম্প্রতিক বন্যার (২০২২) পরিপ্রেক্ষিতে ফ্লাড প্রিপেয়ার্ডনেস প্রোগ্রামের পানির নিমজ্জন মাত্রার ভিত্তিতে বন্যার আগাম সতর্কবার্তা মডেল (ডিএফআরএম) মাঠ পর্যায়ে যাচাই করা হয়েছে। বন্যার সতর্কবার্তা প্রচার, উদ্ধার, সাড়াদান ও বন্যা সংক্রান্ত তথ্য প্রদানে সহযোগিতা করেছে প্রশিক্ষণপ্রাপ্ত স্বেচ্ছাসেবকগণ ও বিভিন্ন পর্যায়ের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য। উল্লেখ্য যে, কুড়িগ্রাম ও জামালপুরে FPP এর আওতায় জেন্ডার রেসপন্সিভ ও প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক আগাম সতর্ক বার্তা প্রচার ও বন্যা প্রস্তুতির জন্য প্রশিক্ষণের মাধ্যমে ১৪৪০ স্বেচ্ছাসেবক তৈরি করা হয়েছে।



চিত্রঃ ০৪ কুড়িগ্রামে বন্যা প্রস্তুতি স্বেচ্ছাসেবকদের বন্যায় উদ্ধার তৎপরতা।

চিত্রঃ ০৫ এনআরপি'র উদ্যোগে বন্যা প্রস্তুতি স্বেচ্ছাসেবকদের মাঝে উদ্ধার সামগ্রী বিতরণ।

৯.১২.৫ ভূমিকম্পের কার্যকর প্রস্তুতির মডেলঃ

প্রশিক্ষিত নগর স্বেচ্ছাসেবকরা জেলা পরিষদের সহায়ক হিসেবে রাঙামাটি পৌরসভায় ভূমিকম্প হতে জানমাল রক্ষার্থে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠিকে পূর্বাভাস প্রদান ও নিরাপদ স্থানে আশ্রয় নিতে সহযোগিতা প্রদান করে। টাংগাইল, রাজামাটি ও সুনামগঞ্জ পৌরসভায় এবং রংপুর সিটি কর্পোরেশনের প্রশিক্ষিত স্বেচ্ছাসেবকরা বিভিন্ন সামাজিক সচেতনতা বৃদ্ধিমূলক কাজ করে ও পৌরসভাকে পরিবেশ রক্ষা কাজে সহযোগিতা প্রদান করে। কোভিড-১৯ এর ২য় ঢেউ মোকাবিলায় গণ জন্মায়ত স্থানসমূহ যেমন: বাজার, পশুর হাট, মসজিদ ও পাড়া মহল্লায় প্রশিক্ষিত স্বেচ্ছাসেবকরা গণসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম (মাইকিং, লিফলেট/পোস্টার, মাস্ক ও ফেসশিল্ড বিতরণ) গ্রহণ করে। ফায়ার সার্ভিস সপ্তাহ ২০২১ উদযাপন উপলক্ষে টাংগাইল, রাজামাটি ও সুনামগঞ্জ পৌরসভায় এবং রংপুর সিটি কর্পোরেশনে এনআরপি প্রশিক্ষিত স্বেচ্ছাসেবকবৃন্দ সক্রিয় অংশগ্রহণ করে। ভূমিকম্প মোকাবিলায় প্রস্তুতিমূলক কার্যক্রমের আওতায় টাংগাইল, রাজামাটি ও সুনামগঞ্জ পৌরসভায় এবং রংপুর সিটি কর্পোরেশনে নিয়মিত কার্যক্রম হিসেবে স্কুল ও কমিউনিটি পর্যায়ে মহড়ার আয়োজন করা হয়। পাশাপাশি দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও স্বেচ্ছাসেবকদের নিয়মিত মিটিং অনুষ্ঠিত হয়। নগর স্বেচ্ছাসেবকগণ জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস ২০২২ উদযাপন উপলক্ষে ফায়ার সার্ভিস কর্তৃক আয়োজিত ভূমিকম্প ও অগ্নিকান্ড মোকাবিলায় প্রস্তুতি কার্যক্রম সংক্রান্ত মহড়ায় অংশগ্রহণ করে। এবারের প্রতিপাদ্য ছিলঃ ‘মুজিববর্ষের সফলতা, দুর্যোগ প্রস্তুতিতে গতিশীলতা’ এই সকল কার্যক্রমের ফলে কুড়িগ্রাম, জামালপুর, টাংগাইল, রাঙামাটি, সুনামগঞ্জ ও রংপুর এলাকায় আনুমানিক ৩ লক্ষ ৫০ হাজার মানুষ সেবা পেয়েছে। প্রতিবেদন সময়কালে ৫ ডিসেম্বর আন্তর্জাতিক স্বেচ্ছাসেবক দিবস ২০২১ পালিত হয়। এ দিবসে ভূমিকম্প মোকাবিলায় প্রস্তুতিমূলক কার্যক্রমের আওতায় প্রশিক্ষিত রংপুর ও টাংগাইল হতে ২ জন নগর স্বেচ্ছাসেবক ২০২১ সালের শ্রেষ্ঠ স্বেচ্ছাসেবক হিসেবে পুরস্কৃত হয়।

প্রকল্পের ভূমিকম্প মোকাবিলায় প্রস্তুতিমূলক কার্যক্রমের আওতায় ভূমিকম্প ঝুঁকিহাস কল্পে সুনামগঞ্জ, রাজামাটি ও টাংগাইল পৌরসভায় এবং রংপুর সিটি কর্পোরেশনের খসড়া আপদকালিন পরিকল্পনা ভেলিডেশনের মাধ্যমে চূড়ান্ত করা হয়। আপদকালিন পরিকল্পনা অনুসারে নির্ধারিত ভবনসমূহের ডিটেইলড ইঞ্জিনিয়ারিং এ্যাসেসমেন্ট করা হয়। সুনামগঞ্জ পৌরসভার ‘ভূমিকম্প সংবেদনশীল ভূমি ব্যবহার পরিকল্পনা’ তৈরী করা হয়।

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কমিউনিকেশন ও মিডিয়া স্পেশালিস্ট রাঙামাটি পৌরসভায় ভূমিকম্প মোকাবিলায় প্রস্তুতিমূলক কার্যক্রম পরিদর্শন করেন ও প্রশিক্ষিত নগর স্বেচ্ছাসেবকদের সনদ বিতরণ করেন। উল্লেখ্য

যে, ভূমিকম্প মোকাবিলায় প্রস্তুতিমূলক কার্যক্রমের আওতায় টাংগাইল, রাজামাটি ও সুনামগঞ্জ পৌরসভায় এবং রংপুর সিটি কর্পোরেশনে প্রশিক্ষিত সকল নগর স্বেচ্ছাসেবকদের ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স হতে সার্টিফিকেট প্রদান করা হয়।

উল্লেখ্য যে, এই কার্যক্রমের আওতায় ইতোমধ্যে এর আওতায় ১৯২০ জন নগর স্বেচ্ছাসেবককে ভূমিকম্প সার্চ অ্যান্ড রেসকিউ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



চিত্রঃ ০৬ রাজামাটিতে ভূমিধস সতর্কবার্তা প্রচারে নগর স্বেচ্ছাসেবকদের অংশগ্রহণ।



চিত্রঃ ০৭ রংপুরের নারী স্বেচ্ছাসেবকের সেবামূলক কার্যক্রমের স্বীকৃতিস্বরূপ পুরস্কার গ্রহণ।



চিত্রঃ ০৮ সুনামগঞ্জে বন্যা ২০২২ এর ত্রাণ ব্যবস্থাপনায় নগর স্বেচ্ছাসেবকদের অংশগ্রহণ।



চিত্রঃ ০৯ টাঙ্গাইলে অগ্নি নির্বাপনে নগর স্বেচ্ছাসেবকদের অংশগ্রহণ।

৯.১২.৬ সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচিসমূহকে দুর্যোগঝুঁকি হ্রাস অন্তর্ভুক্তিমূলকঃ

প্রতিবেদন সময়কালে অতিদরিদ্রদের জন্য কর্মসূজন কর্মসূচির মাধ্যমে দুর্যোগ-সহনশীল অবকাঠামো (বন্যা নিয়ন্ত্রণ বাঁধ, আশ্রয়কেন্দ্রে সংযোগ সড়ক ইত্যাদি) তৈরি, মেরামত কার্যক্রম এ ঝুঁকি বিবেচনায় ফ্লিম নির্বাচন ও প্রকল্প বাস্তবায়ন বিষয়ক এ্যাডভোকেসী করা হয়। ‘দুর্যোগঝুঁকি অন্তর্ভুক্তিমূলক সামাজিক নিরাপত্তা কর্মসূচি’র আওতায় উপজেলা পর্যায়ের ১২০ জন কর্মকর্তাকে জলবায়ুসহনশীল কৃষি প্রযুক্তি বিষয়ক পরিচিতি ও প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ তাদের প্রশিক্ষণ মডিউলে জলবায়ুসহনশীল কৃষি প্রযুক্তি বিষয় অন্তর্ভুক্ত করার পরিকল্পনা করেন। প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এনআরপি, জনাব আবু সালেহ মোঃ মহিউদ্দিন খাঁ জামালপুরে মাঠ পর্যায়ে দুর্যোগঝুঁকি অন্তর্ভুক্তিমূলক সামাজিক নিরাপত্তা কর্মসূচি’র এবং ফ্লাড প্রিপেয়ার্ডনেস প্রোগ্রামের অগ্রগতি পরিদর্শন করেন। উল্লেখ্য যে, এ পর্যন্ত প্রায় ৮৫০ জন ব্যক্তিকে রেজিলিয়েন্ট জীবিকায়ন ও স্থানীয় পর্যায়ে দুর্যোগ মোকাবিলায় প্রস্তুতি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

উল্লেখ্য যে, অতি দরিদ্রদের জন্য কর্মসূজন কর্মসূচির মাধ্যমে দুর্যোগসহনশীল অবকাঠামো (বন্যা নিয়ন্ত্রণ বাঁধ, আশ্রয়কেন্দ্রে সংযোগ সড়ক ইত্যাদি) তৈরি, মেরামত কার্যক্রম এ ঝুঁকি বিবেচনায় স্কীম নির্বাচন ও প্রকল্প বাস্তবায়নে এনআরপি সহযোগিতা করছে। এর মধ্যে আছে ঈদগাহ মাঠ, বসত বাড়ির ভিটা উঁচুকরণ, আশ্রয়কেন্দ্র/স্কুল সংযোগ রাস্তা তৈরী ও উঁচু মাটির কাজ, অবকাঠামোগুলোর স্থায়ীত্ব বাড়াতে ঘাস ও গাছ রোপণ, বন্যার স্তর বিবেচনায় রাস্তা উঁচু করা, রাস্তার স্থায়ীত্বশীলতার জন্য দুই ধারে ভেটিবার ঘাস ও বৃক্ষ রোপণ, বক্স কালভার্ট, প্রটেকশন ওয়াল, ফ্লাড শেল্টারের সংযোগ সড়ক নির্মাণ। উল্লেখিত কার্যক্রম সিআরএ/আরআরএপি’র মাধ্যমে বাস্তবায়ন করা হয় এবং তা দুর্যোগঝুঁকি হ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

৯.১২.৭ প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক দুর্যোগঝুঁকি হ্রাস (DiDRR):

প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক দুর্যোগঝুঁকি হ্রাস কর্মসূচির আওতায় বন্যা-সহনশীল ও প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিমূলক মডেল বাড়ি নির্মাণ করে প্রদর্শন করা হয়। প্রকল্পের আওতায় নির্মিত প্রদর্শনীমূলক প্রতিবন্ধীবান্ধব দুর্যোগ সহনশীল গৃহ নির্মাণের মডেলটির অনুরূপ আরো ১৮ টি গৃহ নির্মাণ করেছে কুড়িগ্রামের একটি স্থানীয় এনজিও।

কুড়িগ্রামে প্রতিবন্ধি ব্যক্তির সংগঠন কোভিড ১৯ টিকাদান কর্মসূচি ব্যবস্থাপনায় সহযোগিতা করে। স্থানীয় পর্যায়ের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও প্রতিবন্ধি ব্যক্তির সংগঠনে সন্ধান ও উদ্ধার সামগ্রী বিতরণ করা হয়। অন্তর্ভুক্তিমূলক দুর্যোগঝুঁকি হ্রাস (DiDRR) কর্মসূচির অ্যাডভোকেসার মাধ্যমে চিলমারি উপজেলার সমাজসেবা অফিসে প্রতিবন্ধি প্রবেশগম্যতার ফিচার স্থাপন করা হয়। উল্লেখ্য, এই কর্মসূচির আওতায় এপর্যন্ত ১৩৩ জন প্রাথমিক সাড়াপ্রদানকারী ও বিভিন্ন পর্যায়ের ৪০ টি দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে অন্তর্ভুক্তিমূলক দুর্যোগঝুঁকি হ্রাস (DiDRR) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৯.১২.৮ রেজাল্ট শেয়ারিং:

ফ্লাড প্রিপেয়ার্ডনেস প্রোগ্রাম ও ভূমিকম্প মোকাবিলায় প্রস্তুতিমূলক সংক্রান্ত পাইলটিং কার্যক্রম এর ওপর রেজাল্ট শেয়ারিং সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে সরকারি, বেসরকারি ও উন্নয়ন সহযোগী কর্মকর্তা অংশগ্রহণ এবং মতামত প্রদান করেন। আলোচক এবং অংশগ্রহণকারীগণ মডেল হতে প্রাপ্ত বন্যার আগাম সতর্কবার্তা জনগোষ্ঠী পর্যায়ে পৌঁছানোর মাধ্যমে ক্ষয়ক্ষতি আরও কমিয়ে আনা যাবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। এছাড়াও সেমিনারে ভূমিকম্প মোকাবিলায় প্রস্তুতি মডেলের যথাযথ বাস্তবায়নের সুপারিশ করা হয়।

উন্নয়ন সহযোগী সুইডেন এ্যাম্বাসেডর কুড়িগ্রামে প্রকল্পের ফ্লাড প্রিপেয়ার্ডনেস প্রোগ্রাম, অন্তর্ভুক্তিমূলক দুর্যোগঝুঁকি হ্রাস (DiDRR) কর্মসূচি ও দুর্যোগঝুঁকি অন্তর্ভুক্তিমূলক সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র কার্যক্রম পরিদর্শন করেন। এছাড়াও এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী ডিডিএম কর্মকর্তাবৃন্দ ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রামের রাঞ্জামাটি, কুড়িগ্রাম ও জামালপুরে মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করেন।

রংপুর সিটি কর্পোরেশনে ভূমিকম্প ঝুঁকি মোকাবিলায় প্রস্তুতিমূলক সংক্রান্ত পাইলটিং কার্যক্রমের লার্নিং শেয়ারিং মিটিং আয়োজন করা হয়। উক্ত মিটিং সেমিনারে উপস্থিত ছিলেন রংপুর সিটি কর্পোরেশনের মেয়র, সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের কর্মকর্তা, নগর স্বেচ্ছাসেবকবৃন্দ। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এনআরপি, জনাব আবু সালেহ মোঃ মহিউদ্দিন খাঁ। উক্ত সভায় ভূমিকম্প মোকাবিলায় প্রস্তুতি মডেলটি পুরো রংপুর সিটি কর্পোরেশনে বিস্তৃত করার সুপারিশ করা হয় এবং রংপুরে ভূমিকম্প ঝুঁকি বিবেচনায় সকলের সচেতনতা ও দায়িত্বশীলতা বৃদ্ধির উপর গুরুত্ব প্রদান করা হয়। জামালপুরের ইসলামপুরে দুর্যোগঝুঁকি অন্তর্ভুক্তিমূলক সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র এবং ফ্লাড প্রিপেয়ার্ডনেস প্রোগ্রামের উপজেলা পর্যায়ে লার্নিং ও শেয়ারিং সভা অনুষ্ঠিত হয়।



চিত্রঃ ১০ জাতীয় পর্যায়ে এনআরপি'র রেজাল্ট শেয়ারিং সেমিনারে বক্তব্য রাখছেন জনাব মোঃ কামরুল হাসান এন/ডিসি, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।



চিত্রঃ ১১ রংপুর সিটি কর্পোরেশনের মেয়র, এফএসসিডি'র প্রতিনিধি, ডিআরআরও এবং অন্যান্যদের অংশীজনের সাথে কনসাল্টেশন।

বহুমুখী উদ্ধার ও অনুসন্ধান কাজের লক্ষ্যে নৌযান সংগ্রহ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ প্রকল্প

৯.১৩.০ প্রকল্পের শিরোনাম	:	বহুমুখী উদ্ধার ও অনুসন্ধান কাজের লক্ষ্যে নৌযান সংগ্রহ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ
৯.১৩.১ উদ্যোগী মন্ত্রণালয়	:	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৯.১৩.২ বাস্তবায়ন কাল	:	এপ্রিল' ২০২২ হতে জুন' ২০২৪।
৯.১৩.৩ প্রকল্পের উদ্দেশ্য	:	১) দুর্যোগকালে বিশেষত বন্যার সময় ও বন্যার পর দ্রুত সাড়া প্রদান ও উদ্ধার অভিযান পরিচালনার দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি করা; ২) বন্যাক্রান্ত এলাকায় সম্পদহানি হ্রাস এবং জনগনের জীবন ও সম্পদ রক্ষা করা; ৩) দুর্যোগকালে ও দুর্যোগের পর দ্রুত সাড়া প্রদান ও উদ্ধার অভিযান পরিচালনার জন্য অনুসন্ধান ও উদ্ধার নৌযান সচল রাখা।
৯.১৩.৪ প্রকল্পের লক্ষ্যমাত্রা	:	২০ (বিশ) টি Multipurpose Accessible Rescue Boat সংগ্রহ ও ইতোমধ্যে সংগ্রহকৃত ৪০ (চল্লিশ) টি সহ মোট ৬০টি Multipurpose Accessible Rescue Boat সংগ্রহ পরবর্তী পরিচালনা ও রক্ষাবেক্ষণ করা যাতে বোটগুলো বন্যা ও বন্যাপরবর্তী সময় ব্যবহার উপযোগী থাকে।
৯.১৩.৫ প্রকল্পের প্রাক্কলিত ব্যয়	:	২০০০ লক্ষ

প্রকল্পের জনবলের তথ্য

পদের নাম	সাকুল্য বেতন/গ্রেড	নিয়োগের ধরণ	ডিপিপি অনুযায়ী অনুমোদিত মোট পদ	পুরুষ	মহিলা	মোট	শূন্যপদ
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮
প্রকল্প পরিচালক	গ্রেড-৪	বিদ্যমান রাজস্ব জনবলের পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তাকে অতিরিক্ত দায়িত্ব প্রদান	০১	০১	০	০১	-
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	গ্রেড-১৬	বিদ্যমান রাজস্ব জনবল থেকে অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পর্যায়ের একজন কর্মচারীকে অতিরিক্ত দায়িত্ব প্রদান।	০১	০১	০	০১	-
অফিস সহায়ক	গ্রেড-২০	বিদ্যমান রাজস্ব জনবল থেকে অফিস সহায়ক অপারেটর পর্যায়ের একজন কর্মচারীকে অতিরিক্ত দায়িত্ব প্রদান।	০১	০১	০	০১	-
গ্রিজার (রেসকিউ বোট)	১৬৭৩০/- ক্যাটাগরি-৩	আউটসোর্সিং	৪৪ জন	৪৪ জন	০	৪৪ জন	-
লক্ষর (রেসকিউ বোট)	১৬১৩০/- ক্যাটাগরি-৫	আউটসোর্সিং	৪৪ জন	৪৪ জন	০	৪৪ জন	-

Community-based Flood Risk Management Support Project-2

৯.১৪.০ সাধারণ তথ্যাবলীঃ

- মূল প্রকল্পের নামঃ Flood and Riverbank Erosion Risk Management Investment Program-Project-2.
 - বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
 - মূল প্রকল্পের প্রাক্কলনঃ মোট ১৮০,৩০৬.৮১ লক্ষ টাকা, জিওবি ৩২,১৭৩.৯০ লক্ষ টাকা এবং পিএ ১,৪৮,১৩২.৯১ লক্ষ টাকা (ডিপিপি মোতাবেক)।
 - মূল প্রকল্পের দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কম্পোনেন্টের নামঃ Community-based Flood Risk Management Support Project
 - বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মধ্যে MOU স্বাক্ষরের তারিখঃ ০৬-০২-২০২৩
 - Community-based Flood Risk Management Support Project এর মেয়াদঃ প্রকল্পের মেয়াদ জানুয়ারি/২০২২ হতে ৩১ ডিসেম্বর ২০২৫।
 - প্রজেক্টের বরাদ্দঃ(অনুমোদিত MOU মোতাবেক)
 - এনজিও / সংস্থা ৯,০২,৪৫,৩৮৫/- টাকা
 - দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পিএমইউ- বরাদ্দ পরিচালনা ব্যয়- ২,৩৬,৫০,০০০/- টাকা
 - যন্ত্রপাতি ক্রয় বাবদ বরাদ্দ- ৪,৫০,০০০/-টাকা
- সর্বমোট= ১১,৪৩,৪৫,৩৮৫/- টাকা

(উল্লেখ্য প্রজেক্ট বরাদ্দের অর্থ ADB 87% এবং GoB13%)

- প্রকল্প ব্যয়ঃ ২০২২-২০২৩ অর্থ বছরে প্রকল্প ব্যয় ২,৯৩,৬৩৬/- টাকা।
 - Target Group
 - উপকারভোগী জনগোষ্ঠীঃ ২,৪০,০০০ খানা
 - Community Disaster Management Unit = CDMU: ১৬০ টি, এছাড়াও প্রজেক্ট-১-এর ৪০টি একই ধরনের CDMU-র ফলোআপ করা
 - Community Volunteer সংখ্যাঃ ২,৪০০ জন (৩৩% মহিলা)
 - দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কম্পোনেন্ট-এর প্রজেক্ট ম্যানেজার নিয়োগঃ
- এস এম সোহরাব হোসেন, উপপরিচালক (প্রশাসন-২), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- প্রকল্প এলাকাঃ পাবনা (বেড়া উপজেলা), সিরাজগঞ্জ (শাহজাদপুর, বেলকুচি ও চৌহালী উপজেলা), টাংগাইল (টাংগাইল সদর ও নাগরপুর উপজেলা) এবং মানিকগঞ্জ (শিবালয়, দৌলতপুর ও হরিরামপুর উপজেলা)।

কম্পোনেন্ট/প্রকল্পের উদ্দেশ্যঃ যমুনা-পদ্মা নদীর তীরবর্তী ৪টি জেলার (পাবনা, সিরাজগঞ্জ, টাংগাইল ও মানিকগঞ্জ) ০৯টি উপজেলার ৬০টি ইউনিয়নের বন্যা এবং বন্যাজনিত নদী ভাঙনের ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সচেতনতা ও স্থিতিস্থাপকতা বৃদ্ধি করা। এ লক্ষ্যে NGO-এর মাধ্যমে Community Volunteer তৈরী এবং তাদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা। যাতে করে Volunteer-রা ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর মাঝে অধিকতর সচেতনতা ও স্থিতিস্থাপকতা বৃদ্ধি করতে পারে। প্রকল্পটি সরাসরি আনুমানিক ২,৪০,০০০ খানার জনসংখ্যাকে উপকৃত করবে।

MoU-র প্রাসঙ্গিকতাঃ

- এমওইউতে Community-based Flood Risk Management = CbFRM এর উদ্দেশ্য, পরিধি এবং প্রত্যাশিত ফলাফলের রূপরেখা সুনির্দিষ্ট করে দেওয়া হয়েছে। সাব-কম্পোনেন্ট বাস্তবায়নের দিকসহ সাব-কম্পোনেন্টের প্রাতিষ্ঠানিক ব্যবস্থা অর্থাৎ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও পানি উন্নয়ন বোর্ডের প্রাতিষ্ঠানিক সম্পর্কের বিবরণ। অধিকন্তু বাস্তবায়নের সময়সূচী, আনুমানিক খরচ, অর্থায়ন পরিকল্পনা এবং রিপোর্টিং ব্যবস্থা অন্তর্ভুক্ত হয়েছে।

এই এমওইউ বিবেচনা করে (1) ফ্রেমওয়ার্ক ফাইন্যান্সিং এগ্রিমেন্ট (এফএফএ); এবং (2) লোন এগ্রিমেন্ট (LA), যা ADB ও BWDB এর মধ্যে সম্পাদিত হয়েছে। এ বিষয়গুলো সংশ্লিষ্ট Project Administration Manual (PAM)-এ উল্লেখ করা হয়েছে।

নির্বাহী সংস্থা (Executing Agency) হিসেবে BWDB এর মূল দায়িত্বসমূহ:

- CbFRM বাজেট প্রস্তুত করা এবং DDM-এর জন্য সময়মত পর্যালোচনা তহবিলের ব্যবস্থা করা, ডিপিতে সুনির্দিষ্ট অর্থায়ন পরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করা;
- একজন CbFRM বিশেষজ্ঞ নিয়োগ করা যিনি প্রকল্প বাস্তবায়নে DDM এর প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (PMU) কে সহায়তা করবেন;
- একটি বাস্তবায়নকারী এনজিও নিয়োগের জন্য DDM এর সাথে সমন্বয় করা;
- DDM-এর সহায়তায় সাব-কম্পোনেন্টের আর্থিক প্রতিবেদন প্রস্তুত এবং বার্ষিক অডিট রিপোর্ট তৈরি করা;
- CbFRM কম্পোনেন্টের কর্মসূচি বাস্তবায়ন ও আর্থিক অগ্রগতি পর্যালোচনা এবং তা ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা।

বাস্তবায়নকারী সংস্থা (Implementing Agency) হিসেবে DDM-এর মূল দায়িত্বসমূহ:

- একটি প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (PMU) গঠন; PMU-এর প্রকল্প ব্যবস্থাপক হিসেবে DDM-এর একজন উপ-পরিচালক/উপ-সচিব মনোনীত করা যিনি CbFRM বাস্তবায়নে ফোকাল পারসন হিসেবে গণ্য হবেন;
- BWDB-এর সাথে পরামর্শ করে বার্ষিক কর্মসূচি এবং আর্থিক পরিকল্পনা প্রস্তুত করা;
- CbFRM-এর মাঠ কার্যক্রম বাস্তবায়নের জন্য একটি স্থানীয় এনজিও নিয়োগ করা;
- সাব-কম্পোনেন্টের জন্য আলাদা অ্যাকাউন্ট পরিচালনা করা;
- কম্পোনেন্টের কার্যক্রম ও আর্থিক অগ্রগতি পর্যবেক্ষণ করা এবং ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন BWDB-তে প্রেরণ করা;
- প্রকল্প-২ এর সমাপ্তিলগ্নে ভবিষ্যত কর্মক্ষমতা উন্নত করার সুনির্দিষ্ট পদক্ষেপসমূহ চিহ্নিত করা এবং সাবকম্পোনেন্ট কার্যক্রমের স্থায়িত্ব নিশ্চিতকরণের জন্য DDM-এর মধ্যে CbFRM-এর প্রাতিষ্ঠানিকীকরণ।

চলমান অবস্থা:

- ০৬ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখ পানি উন্নয়ন বোর্ড ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মধ্য সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়;
-
- ২৮ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখ ADB-তে NGO নিয়োগের ToR ও বাজেট অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে;
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটি গঠন করা হয়েছে।
- ০৪-০৪-২০২৩ তারিখ ADB কর্তৃক অনুমোদিত EoI ADB-র সংশ্লিষ্ট ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।
- উল্লেখ্য যে, NGO কর্তৃক দাখিলকৃত EoI, কারিগরি ও আর্থিক প্রস্তাবনা শুধুমাত্র ADB-র ওয়েব সাইটে গ্রহণ ও পরবর্তীতে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটি কর্তৃক উন্মুক্তকরণ ও মূল্যায়ন করা হবে।
-
- ০৮টি আগ্রহী প্রতিষ্ঠান তাদের EoI এডিভির ওয়েব সাইটে ১৮-০৬-২০২৩ তারিখ আপলোড করে।
- বর্তমানে প্রাপ্ত EoI সমূহ মূল্যায়ন করা হচ্ছে।



জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর প্রস্তাবিত ভবন।

